# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 09, 1430 Bangla, January 23, 2024, Tuesday, No. 23, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina has said the manipulators behind the price hike will be found out and actions must be taken against them. (Jago FM: 16)

AL GS Obaidul Quader has said BNP is spreading rumours in home and abroad by indulging in anti-government activities. Adds, Jatiya Party would be the main opposition party in the Parliament. (Jago FM: 14; R. Today: 11)

Foreign Minister Dr. Hasan Mahmud has urged the countries in the global south to stand in solidarity and unity to achieve the ultimate goals of sustainable development. (Jago FM: 17)

Law, Justice and Parliamentary Affairs Minister Anisul Huq informs there is no possibility of any diplomatic crisis in the country after the election. (Jago FM: 16)

BNP SJSG Ruhul Kabir Rizvi alleges the people of Bangladesh lost 'democracy' and 'right to vote' due to India's undue interference in determining the future and political course of Bangladesh. (R. Today: 11)

BNP standing committee member Abdul Moyeen Khan alleges that the party has been getting threats of attack centering its black-flag march program scheduled for January 26 and 27. (Jago FM: 15)

Chief patron of Jatiya Party Begum Roshan Ershad calls for immediate reinstatement of the dismissed and expelled party leaders and workers in their respective positions. (Jago FM: 15)

Many analysts see western countries' congratulations to the new govt. as merely 'part of diplomatic etiquette'. And, they do not think there will be any change in their position regarding election. (BBC: 04)

The number of corona patients is increasing again in the country. In the last 24 hours, 30 new cases have been reported and one person has died making it four in January 2024. (Jago FM: 18)

India's PM Narendra Modi has inaugurated a grand temple to Hindu god Ram in the flashpoint city of Ayodhya replaceing a 16th-Century mosque torn down by Hindu mobs in 1992. (BBC: 19)

A landslide in southwest China's mountainous Yunnan province buried 18 homes early Monday morning, leaving 47 people missing and forcing the evacuation of more than 500 other residents. (NHK: 11)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৯, বাংলা ১৪৩০, জানুয়ারি ২৩, ২০২৪, মঙ্গলবার, নং- ২৩, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন , কারসাজি করে পণ্যের দাম বৃদ্ধিকারীদের খুঁজে বের করা হবে এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। (জাগো এফএম: ১৬)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি সব হারিয়ে এখন শোকসাগরে নিমজ্জিত এবং তারা এখন সরকার বিরোধী তৎপরতায় লিপ্ত হয়ে দেশে -বিদেশে গুজব ছড়াচ্ছে। তিনি এও জানিয়েছেন, দ্বাদশ জাতীয় সংসদে বিরোধী দলের আসনে বসবে জাতীয় পার্টি । (জাগো এফএম: ১৪; রে.টুডে: ১১)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ টেকসই উন্নয়নের চূড়ান্ত লক্ষ্য অর্জনে দক্ষিণ বিশ্বের দেশগুলোর প্রতি ঐক্যবদ্ধ সংহতি ও সহযোগিতার আহ্বান জানিয়েছেন। (জাগো এফএম: ১৭)

নির্বাচনের পরে কোনো কূটনৈতিক সংকট বা সমস্যার সম্ভাবনা নেই বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। (জাগো এফএম: ১৬)

বাংলাদেশের রাজনীতিতে ভারত অযাচিত হস্তক্ষেপের কারণে বাংলাদেশের জনগণ স্বাধীনতা ও ভোটাধিকার হারিয়েছে বলে দাবি করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। (রে. টুডে: ১১)

২৬ ও ২৭ জানুয়ারি বিএনপি যে কালো পতাকা মিছিলের ঘোষণা দিয়েছে তাতে হামলার হুমকি এসেছে বলে দাবি করছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। (জাগো এফএম: ১৫)

জাতীয় পার্টির প্রধান পৃষ্ঠপোষক বেগম রওশন এরশাদ অনতিবিলম্বে অব্যাহতিপ্রাপ্ত ও বহিষ্কৃত নেতা-কর্মীদের দলে ফিরিয়ে এনে নিজ নিজ পদে বহালের আহ্বান জানিয়েন। (জাগো এফএম: ১৫)

বিশ্লেষকদের অনেকেই নতুন সরকারকে পশ্চিমা দেশ গুলোর অভিনন্দনকে নিছক 'কূটনৈতিক শি ষ্টাচারের অংশ ' হিসেবেই দেখছেন। এর ফলে নির্বাচন নি য়ে দেশগুলোর পর্যবেক্ষণ বা অবস্থানে কোনও পরিবর্তন আসবে বলেও মনে করছেন না তারা। (বিবিসি: ০৪)

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩০ জন আক্রান্ত হয়েছেন এবং এ সময়ে করোনায় একজনের মৃত্যুর তথ্য জানা গেছে। এ নিয়ে চলতি বছরের প্রথম মাসে করোনায় ৪ জনের মৃত্যু হলো। (জাগো এফএম: ১৮)

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অযোধ্যায় হিন্দু দেবতা রামের একটি বিশাল মন্দিরের উদ্বোধন করেছেন যেখানে ১৯৯২ সালে হিন্দু জনতা দ্বারা ভেঙে ফেলা ১৬ শতকের একটি মসজিদ ছিল। (বিবিসি: ১৯)

চীনের ইউনান প্রদেশে ভূমিধসে ১৮টি পরিবারের অন্তত ৪৭ জন ব্যক্তি নিখোঁজ রয়েছেন; আক্রান্ত এলাকা থেকে ৫০০ জনেরও বেশি বাসিন্দাকে সরিয়ে নেওয়া হয়েছে বলে জানা গেছে। (এনএইচকে: ১১)

# বিবিসি

## জেলায় জেলায় শৈত্যপ্রবাহ, আরও কতদিন চলবে?

"সারাবছর আমি ঠান্ডার দেশে থাকি। কিন্তু সেই ঠা ন্ডা আমার অতটা গায়ে লাগে না , যতটা এবার ঢাকায় আসার পর লাগছে", বলছিলেন দীর্ঘদিন ধরে ইউরোপের দেশ ফ্রান্সে বসবাস করা আদনান রহমান। প্রায় দু 'বছর বাদে দুই মাসের ছুটি নিয়ে গত ডিসেম্বরে পরিবারের সাথে সময় কাটাতে দেশে এসেছেন তিনি। কিন্তু দেশে ফেরার পর শীতের তীব্রতা দেখে কিছুটা অবাক ঢাকার ইস্কাটনের বাসিন্দা আদনান। তিনি বলেন , "দেশে আসলে আমি শীতের সময়টাতেই আসি। কারণ এই সময়ের ঢাকা মানেই – না গরম, না শীত। কিন্তু এবার আমার সেই ধারণা পাল্টে গেছে। বিশেষ করে, আজকে।" সোমবার এই মৌসুমে ঢাকার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, সকাল ছয়টার দিকে ঢাকার তাপমাত্রা ছিল ১২ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। গত কয়েকদিন ধরে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে রোদের কিছুটা দেখা পাওয়া গেলেও সোমবার ফের কুয়াশার চাদরে ঢেকে গেছে রাজধানী ঢাকা। সেইসঙ্গে রয়েছে কনকনে ঠান্ডা বাতাস। কিন্তু, এই অবস্থা শুধুমাত্র ঢাকায় নয়; এদিন দেশের এক তৃতীয়াংশ জেলাতেই শীতের আধিক্য ছিল। আবহাওয়া অফিস বলছে, সোমবার দেশের মোট ২১ জেলার ওপর দিয়ে শৈত্যপ্রবাহ বয়ে গেছে। এই তালিকায় আছে ঢাকা বিভাগের কিশোরগঞ্জ , টাঙ্গাইল ও মাদারীপুর ; খুলনার যশোর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা ; রাজশাহী ও রংপুর বিভাগের প্রায় সব জেলা। এইসব জেলার বেশিরভাগ স্থানেই দুপুর গড়িয়ে বিকেল হয়ে যাওয়ার পরও সূর্য কিরণ দেখা যায়নি।

উল্লেখ্য, সোমবার দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে নওগাঁর বদলগাছী ও রংপুরের দিনাজপুরে, ৮ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়াবিদরা বলছে ন, মঙ্গলবারও দেশের অনেক জেলার ওপর দিয়ে শৈত্যপ্রবাহ বয়ে যাবে। "আজকে তাপমাত্রা সারাদেশেই কম। গতকালের চেয়ে দুই -তিন ডিগ্রির মতো তাপমাত্রা কমেছে। সব জায়গায় কমেছে, এমন না। বেশিরভাগ জায়গায় কমেছে ", বলছিলেন আবহাওয়াবিদ ওমর ফারুক। মঙ্গলবারও শৈত্যপ্রবাহ চলবে জানিয়ে তিনি বলেন, "পরশুদিন থেকে তাপমাত্রা বাড়তির দিকে যাবে। কিন্তু পুরোপুরি শৈত্যপ্রবাহ কাটবে, এমন না।"

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আরেক আবহাওয়াবিদ ড . মো. আবদুল মান্নানও জানান যে রংপুর ও রাজশাহী বিভাগ এবং ঢাকা বিভাগের উত্তর-পশ্চিমাঞ্চলের ওপর দিয়ে বয়ে যাওয়া এই শৈত্য প্রবাহ দেশের বিভিন্ন জেলায় আরও দুই থেকে তিনদিন অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে। আবহাওয়াবিদদের মতে , এটা মৌসুমের শেষ শৈত্যপ্রবাহ না। আরও একটা শৈত্যপ্রবাহ আসতে পারে। কিন্তু তার আগে , অর্থাৎ আগামী ২৪ই জানুয়ারি দেশের মধ্যাঞ্চল এবং দক্ষিণাঞ্চলে বৃষ্টিপাত হওয়ার সম্ভা বনা আছে বলে জানান মি . ফারুক। পরবর্তী শৈত্যপ্রবাহটি এর পরে আসবে উল্লেখ করে তিনি বলেন, "বৃষ্টির পর তাপমাত্রা আবার কমতির দিকে যাবে এবং ২৭ তারিখের দিকে আবার শৈত্যপ্রবাহ শুরু হতে পারে। তবে সেটা বেশি দিন স্থায়ী হবে না। ২৯-৩০ তারিখের দিকে তাপমাত্রা আবার বাড়তির দিকে যাবে।" আবহাওয়াবিদ মি. মান্নানও জানান, "এটাই শেষ শৈত্যপ্রবাহ, এমনটা বলা যাবে না। কারণ গাণিতিকভাবে ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত শৈত্যপ্রবাহ হতে দেখা যায়। আজ তো কেবল ২২ তারিখ। তাই, ২২ জানুয়ারি থেকে ২৫ জানুয়ারির মাঝে যদি শৈত্যপ্রবাহ হয়েও যায় , তারপরও শৈত্যপ্রবাহের সম্ভাবনা থাকবে ", যোগ করেন তিনি।সর্বনিম্ন তাপমাত্রার ভিত্তিতে অন্তত তিন দিন স্থায়িত্বকাল অনুযায়ী শৈত্যপ্রবাহকে শ্রেণিবিন্যাস করা হয়। তাপমাত্রা যখন আট থেকে ১০ ডিগ্রি সেলসিয়াসের মাঝে থাকে , তখন তাকে মৃদু শৈত্যপ্রবাহ বলে। এছাড়া , ছয় থেকে আট ডি গ্রি সেলসিয়াস হলে সেটিকে মাঝারি শৈত্যপ্রবাহ , চার থেকে ছয় ডিগ্রির মাঝে হলে তীব্র শৈত্যপ্রবাহ এবং চার ডিগ্রি সেলসিয়াসের নীচে হলে তাকে অতি তীব্র শৈত্যপ্রবাহ বলা হয়।

কিন্তু এই শীত মৌসুমে দেশের কোথাও এখন পর্যন্ত তাপমাত্রা আট ডিগ্রি সেলসিয়াসের নীচে নামেনি। "স্ট্রং কোল্ড ওয়েভ কিন্তু এ বছর এখনও হয় নাই। তাপমাত্রা চার ডিগ্রিতে বা এর নীচে নেমে গেলে সেটাকে 'সিভিয়ার কোল্ড ওয়েভ' বলি আমরা। কিন্তু আমাদের তাপমাত্রা চার না কেবল, আট ডিগ্রির নীচেও এখনও পর্যন্ত নামে নাই," বলছিলেন মি. মান্নান। অধিদপ্তরের হিসেবে দেখা যাচ্ছে, সাম্প্রতিক বছরগুলোর মধ্যে সবচেয়ে বেশি শীত পড়েছে ২০১৮ সালে। ঐ বছরের আটই জানুয়ারি পঞ্চগড়ের তেঁতুলিয়ায় তাপমাত্রা নেমেছিল দুই দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াসে , যা বাংলাদেশের ইতিহাসে রেকর্ড। সে বছর সারাদেশে দফায় দফায় তীব্র শৈত্যপ্রবাহও দেখা গিয়েছিল। কিন্তু সেই তুলনায় এ বছর এখন পর্যন্ত কোনও জেলাতেই তীব্র শৈত্যপ্রবাহ দেখা যায়নি বলে জানাচ্ছে আবহাওয়া অধিদপ্তর। তবে কাগজে কলমে শীত না কমলেও এবার মানুষ বেশি শীত অনুভব করছে বলে জানান মি . মান্নান। "২০১৮ সালের আগে ২০১৪ সালেও শৈত্যপ্রবাহ দেখা গিয়েছিল। কিন্তু আমাদের স্টাডি বলছে, এ বছর শৈত্যপ্রবাহ যতটা না স্ট্রং, তার চেয়ে বেশি স্ট্রং কোল্ড ফিলিংটা। " শীতের তীব্রতার অন্যতম কারণ হলো কুয়াশা। শীতকালে কুয়াশা পড়বে , সেটাই স্বাভাবিক। কিন্তু এ বছর দেশের বিভিন্ন এলাকায় মধ্যরাত থেকে দুপুর পর্যন্ত ঘন থেকে অতিঘন কুয়াশা থাকছে। এর ফলে দিনের বেলা অতি ঘন কু য়াশার স্তর ভেদ করে সূর্যের আলো ভূপৃষ্ঠকে উত্তপ্ত করতে পারে না। আবহাওয়াবিদ মান্নান বলেন, "উত্তর-পশ্চিমাঞ্চলের পরিস্থিতি আরও প্রকট। সেখানের অনেক স্থানে আজকে হয়তো সূর্য দেখাই যাবে না। এই পরিস্থিতিতে এলাকাগুলোতে দিনের তাপমাত্রা প্রায় ১৫ থেকে ১৮ ডিগ্রি সেলসিয়া সের ভেতর চলে আসবে

এবং শীতের তীব্র অনুভূতি হবে। আগের বছরগুলোতেও কুয়াশা হয়েছে। কিন্তু দিনব্যাপী একবারে সূর্যের আলো না দেখা, এরকম অবস্থা কিন্তু আসে নাই", যোগ করেন তিনি।

তার মতে, এ বছর যে ক'দিন শৈত্যপ্রবাহ হয়েছে, সে ক'দিন দেখা গেছে যে রাতের তাপমাত্রার তুলনায় দিনের তাপমাত্রা অনেক বেশি কমেছে। এতে করে ঠান্ডার অনুভূতিটা বেড়ে গেছে। "এই ফগি কন্ডিশনের সমস্যা হলো, এটি দিনের বেলা তাপমাত্রা বাড়তে সহায়তা করে না। বরং কমাতে সহায়তা করে। অপরদিকে, রাতের তাপমাত্রা কমাতে এটি কোনও সহায়তা করে না।" তাপমাত্রার এই তারতম্যের কারণ হিসেবে 'অ্যাডভেকশন ফগ'কে দায়ী করেন তিনি। কুয়াশা কয়েক প্রকারের হয়। এর মাঝে অন্যতম হলো 'অ্যাডভেকশন ফগ' বা প্রবহমান কুয়াশা। দূরবর্তী কোনও স্থানে উৎপন্ন হওয়া কুয়াশা যখন ভেসে ভেসে অন্য কোনও স্থানে আসে এবং সেখানে সূর্যের আলোকে বাধাগ্রস্ত করে, তখন সেটিকে অ্যাডভেকশন ফগ বলা হয়। বাংলাদেশে এখন যে কুয়াশা দেখা যাচ্ছে, তার উৎপত্তিস্থল নেপালের দক্ষিণাঞ্চলের উঁচু সমভূমিতে। এই প্রবহমান বা ভাসমান কুয়াশার কারণে সূর্যকিরণ পাওয়া যায় না। সেইসাথে, এটি যখন বাতাসে ভেসে ভেসে চারিদিকে ছড়িয়ে যায়, তখন মানুষের গায়ে ঠান্ডা লাগার অনুভূতি জাগায়।

"এই কুয়াশাটা যখন চলাচল করে, তখন মানুষের মুখে, উন্মুক্ত স্থানে, গায়ে উপনীত হয়। তখন মানুষের কাছে শীতের অনুভূতিটা অনেক তীব্র হয় এবং তারা ঠান্ডায় কষ্ট পায়", বলেন মি. মান্নান। প্রখর সূর্যকিরণ ছাড়া এই ধরনের কুয়াশা দূর হয় না বলেও তিনি উল্লেখ করেন। শীতের এই সময়ে, বিশেষ করে শৈত্যপ্রবাহের সময় নানা ধরনের রোগ ব্যাধি দেখা দেয়। এই সময়ে ঠান্ডাজনিত ও শ্বাসতন্ত্রের নানান অসুখে বেশি দুর্ভোগ পোহায় শিশু ও বৃদ্ধরা। এসময় শীতের কারণে কিছু কিছু মৃত্যুর ঘটনাও ঘটে। দেশের হাসপাতালগুলোতে ইতোমধ্যে শীতজনিত বিভিন্ন রোগ নিয়ে ভর্তি রোগীর সংখ্যা বাড়ছে। তাই ঠান্ডার হাত থেকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া জরুরি। অনেক সময় শীতের হাত থেকে বাঁচতে আগুন পোহানোর সময়ও দুর্ঘটনা ঘটে। সেক্ষেত্রে আগুন পোহালেও বিশেষ সতর্কতা নেয়া জরুরি। এছাড়াও গরু, ছাগলের মতো গবাদি পশু এসময় ডায়রিয়াসহ নানা রোগে আক্রান্ত হয়। সে ক্ষেত্রে অসুস্থতার হাত থেকে বাঁচাতে চট দিয়ে তাদের গা মুড়িয়ে রাখা যেতে পারে।

শীতের সময় সবজির উৎপাদন ভালো হলেও শৈত্যপ্রবাহের ফলে ফলনে প্রভাব পড়তে পারে। সেক্ষেত্রে কৃষিকাজের ক্ষেত্রে বাড়তি সতর্কতা নেয়া প্রয়োজন। এছাড়াও এসময়ে ঘন কুয়াশার কারণে পরিবহন চলাচলে প্রভাব পড়ে এবং অনেক দুর্ঘটনাও ঘটে। তাই চলাচলের সময় কিছুটা বাড়তি সতর্কতা নেয়া দরকার।

(বিবিসি ওয়েব পেজ : ২২.১.২৪ রিহাব)

## শেখ হাসিনার নতুন সরকারকে পশ্চিমাদের অভিনন্দন কীসের ইঙ্গিত

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের 'গ্রহণযোগ্যতা' নিয়ে প্রশ্ন তুলেছিল মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ বেশ কয়েকটি পশ্চিমা দেশ। অথচ সেই দেশগুলোই দেখা যাচ্ছে এখন নতুন সরকারকে অভিনন্দন জানাচ্ছে। তাদের এই 'অভিনন্দন' ঠিক কী বার্তা বহন করছে? বিশ্লেষকদের অনেকেই একে নিছক 'কূটনৈতিক শিষ্টাচারের অংশ' হিসেবেই দেখছেন। সরকারকে অভিনন্দন জানানোর ফলে নির্বাচন নিয়ে দেশগুলোর পর্যবেক্ষণ বা অবস্থানে কোনও পরিবর্তন আসবে বলেও মনে করছেন না তারা। ফলে তারা মনে করছেন যুক্তরাষ্ট্রের নতুন ভিসা এবং শ্রমনীতিকে ঘিরে তৈরি হওয়া উদ্বেগ থেকেই যাচ্ছে।

উল্লেখ্য, বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি ও নির্বাচন নিয়ে গত বছরের মাঝামাঝি সময় থেকেই বেশ সরব দেখা যাচ্ছিলো মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া এবং ইউরোপীয় ইউনিয়নকে। সব দলের অংশগ্রহণে একটি অবাধ, সুষ্ঠু ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ জাতীয় নির্বাচন অনুষ্ঠানের তাগিদ দিয়ে আসছিল তারা। কিন্তু তাদের এই দাবি উপেক্ষা করে বিএনপি ও তাদের সমমনা দলগুলোকে বাদ দিয়েই চলতি বছরের সাতই জানুয়ারি বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। বিএনপি-বিহীন এই নির্বাচনে নিরঙ্কুশ বিজয় অর্জন করে টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসে আওয়ামী লীগ। নির্বাচনের পর দিনই চীন, রাশিয়া, ভারত-সহ অনেক দেশ আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানায়। কিন্তু পশ্চিমা দেশগুলোকে তখন ভিন্ন অবস্থানে দেখা যায়। অভিনন্দন জানানোর বদলে তারা আলাদা বিবৃতি দিয়ে জানায় যে, নির্বাচন "অবাধ ও সুষ্ঠু হয়নি"। কিন্তু এর সপ্তাহখানেক পরেই দৃশ্যপটে হঠাৎ পরিবর্তন লক্ষ্য করা যায়। দেখা যায়, সমালোচনাকারী পশ্চিমা দেশগুলো, এমনকি জাতিসংঘও বাংলাদেশের নতুন সরকারকে অভিনন্দন জানাচ্ছে। বাংলাদেশের গত সাতই জানুয়ারির নির্বাচনের দিকে বেশ ভালোভাবেই নজর রেখেছিল মার্কিন যুক্তরাষ্ট্র। নির্বাচনের পর দিন, অর্থাৎ আটই জানুয়ারি, প্রকাশিত এক বিবৃতিতে সদ্য সমাপ্ত নির্বাচন নিয়ে প্রতিক্রিয়া জানায় দেশটির স্টেট ডিপার্টেমন্ট বা পররাষ্ট্র মন্ত্রণালয়। ওই বিবৃতিতে বলা হয়, "যুক্তরাষ্ট্র লক্ষ্য করেছে সাতই জানুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ সর্বোচ্চ সংখ্যক আসন নিয়ে জয়ী হয়েছে। তবে হাজারো বিরোধী রাজনৈতিক কর্মীর গ্রেফতার এবং নির্বাচনের দিনে বিভিন্ন জায়গায় নানা ধরনের অনিয়মের খবরে যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন।" সেই সাথে, বাংলাদেশের এই নির্বাচন "অবাধ ও সুষ্ঠু ছিল না" বলে অন্য পর্যবেক্ষকদের প্রতিক্রিয়ার সাথে যুক্তরাষ্ট্র একমত বলে বিবৃতিতে জানানো হয়। এছাড়া নির্বাচনে সব দল অংশগ্রহণ না করায় হতাশা প্রকাশ করে যুক্তরাষ্ট্র। একই দিনে, যুক্তরাজ্যও বাংলাদেশের নির্বাচন নিয়ে তাদের প্রতিক্রিয়া জানায়। যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) বা পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রকাশিত ওই বিবৃতিতে বলা হয়,

"গণতান্ত্রিক নির্বাচন নির্ভর করে বিশ্বাসযোগ্য , মুক্ত ও সুষ্ঠু প্রতিযোগিতার ওপর। মানবাধিকার , আইনের শাসন ও যথাযথ প্রক্রিয়ার প্রতি শ্রদ্ধা গণতান্ত্রিক প্রক্রিয়ার অপরিহার্য উপাদান। (বাংলাদেশে) নির্বাচনের সময় এসব মানদণ্ড ধারাবাহিকভাবে মেনে চলা হয়নি। " এছাড়া নির্বাচনে সব দল অংশ না নেওয়ায় বাংলাদেশের মানুষের হাতে ভোট দেওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক বিকল্প ছিল না বলেও বিবৃতিতে বলা হয়। মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের পাশাপাশি জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধান ভলকার টার্কও আটই জানুয়ারি এক বিবৃতি প্রকাশ করেন। বিবৃতিতে বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতা , বিরোধী মতের রাজনৈতিক নেতাকর্মীদের গ্রেফতার এবং আটকাবস্থায় মৃত্যুর ঘটনায় উদ্বেগ জানান মি. টার্ক। এসব ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচারের পাশাপাশি প্রকৃত 'অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্রে'র জন্য সরকারকে 'গতিপথ পরিবর্তন করার'ও আহ্বান জানান তিনি। এর পর দিন , অর্থাৎ ৯ই জানুয়ারি, বিবৃতি দিয়ে নিজেদের প্রতিক্রিয়া জানায় ইউরোপীয় ইউনিয়ন। বড় সব রাজনৈতিক দল নির্বাচনে না অংশ না নেওয়ায় হতাশা প্রকাশ করে তারা। একই সাথে , সাতই জানুয়ারির নির্বাচনে হওয়া অনিয়মগুলোর পূর্ণাঙ্গ তদন্তের আহবান জানায় ইউরোপীয় ইউনিয়ন।

নির্বাচন নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র , যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন এবং জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধানের এমন বিবৃতির পর টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসা আওয়ামী লীগ সরকার 'বৈধতার সংকটে' পড়তে পারে বলে অনেকে ধারণা করছিলেন। এমনকি সরকার গঠনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনাকেও বলতে শোনা গেছে যে 'নির্বাচন বাতিলের ষড়যন্ত্র চলছে'। "চক্রান্ত এখনও শেষ হয়নি , ষড়যন্ত্র এখনও চলছে। একজন নারী হয়ে আমি পাঁচ পাঁচবার ক্ষমতায় এসেছি, এটা অনেক দেশের পছন্দ না ", গত ১৩ই জানুয়ারি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় আওয়ামী লীগের মতবিনিময় সভায় বলেন তিনি। "আমেরিকার লজ্জা নেই, তারা কখন কাকে ক্ষমতায় নিয়ে আসে তার ঠিক নেই " বলেও সেখানে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

কিন্তু এর কয়েক দিনের মধ্যে হঠাৎই যেন পরিস্থিতি পাল্টে যেতে থাকে। গত ১৭ই জানুয়ারি নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সাথে দেখা করতে তার কার্যালয়ে যান বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। এরপর মি হাস সাংবাদিকদের জানান যে , দু'দেশের পারস্পরিক স্বার্থকে এগিয়ে নিতে যুক্তরাষ্ট্র আগামীতে আরও নিবিড়ভাবে কাজ করার প্রতীক্ষায় আছে। এর কয়েক দিনের মধ্যেই জানা যায় যে , শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড। এছাড়া নতুন সরকার গঠনের পর মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়নসহ বিভিন্ন দেশের অভিনন্দন পেয়েছেন বলে আগেই জানিয়েছিলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। কিন্তু রাজনৈতিক ও কূটনৈতিক ক্ষেত্রে এগুলো ঠিক কী বার্তা দিচ্ছে ? নির্বাচনের 'গ্রহণযোগ্যতা' নিয়ে প্রশ্ন তোলার পরও পশ্চিমা দেশগুলো এখন বাংলাদেশের নতুন সরকারকে যে অভিনন্দন জানাচ্ছে , সেটি কূটনৈতিক শিষ্টাচারেরই অংশ হিসেবেই দেখছেন বিশ্লেষকরা। "আসলে এটি একটি আনুষ্ঠানিকতা র অংশ , কূটনৈতিক শিষ্টাচারের অংশ", বিবিসি বাংলাকে বলেন সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির। বস্তুত: যখন কোনও দেশে নতুন সরকার গঠিত হয়, তখন সে দেশে থাকা আন্তর্জাতিক সম্প্রদায়ের বা বিভিন্ন দেশের প্রতিনিধিরা তাদেরকে অভিনন্দন জানিয়ে থাকেন।

তবে এই অভিনন্দন জানানোর অর্থ এই নয় যে নির্বাচন নিয়ে দেশটি আগে যে পর্যবেক্ষণ বা প্রতিক্রিয়া দেখিয়েছে , সেটি পরিবর্তন হয়ে গেছে। "এখানে দু'টি ভিন্ন বিষয় রয়েছে। একটি হচ্ছে তারা তাদের পর্যবেক্ষণগুলো তুলে ধরেছে। অন্যটি হচ্ছে, তাদের যেসব নিয়মিত কর্মকাণ্ড রয়েছে , সেগুলোও চালিয়ে যেতে হবে ", বিবিসি বাংলাকে বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. আমেনা মোহসিন। আমেনা মোহসিনের এই বক্তব্যের সাথে একমত পোষণ করছেন সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির। তিনি বিবিসি বাংলাকে বলেন , "অভিনন্দন জানানো হলেও তারা নির্বাচনের প্রক্রিয়া নিয়ে যে প্রশ্নটা তুলেছে, সেই অবস্থান থেকে কিন্তু পরিবর্তন সব সময় নাও হতে পারে।"

আওয়ামী লীগ এর আগে বাংলাদেশে দুই দুইটি বিতর্কিত নির্বাচন করেও ক্ষমতার মেয়াদ পূর্ণ করতে পেরেছে। দেশে - বিদেশে বৈধতার কোনও সংকট সে সময় সেভাবে তৈরি হয়নি। "এর কারণ হচ্ছে, নৈতিক মানদণ্ডে নির্বাচন নিয়ে প্রশ্ন তোলা গেলেও, সাংবিধানিকভাবে তো প্রশ্ন তোলা যাচ্ছে না ", বিবিসি বাংলাকে বলেন অধ্যাপক ড. আমেনা মোহসিন। পশ্চিমা দেশগুলো বাংলাদেশের নির্বাচন নিয়ে প্রশ্ন তোলায় একটা গুঞ্জন শোনা যাচ্ছিলো যে, তারা হয়তো শেখ হাসিনার সরকারকে 'স্বীকৃতি' নাও দিতে পারে। সম্প্রতি বিষয়টি নিয়ে সাংবাদিকরা প্রশ্ন করলে সেই সম্ভাবনা নাকচ করে দেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার। মি. মিলার বলেন, "না। আমরা এখন বাংলাদেশ সরকারকে সহিংসতার প্রতিবেদনগুলোর বিশ্বাসযোগ্য ও স্বচ্ছতার সঙ্গে তদন্ত করতে এবং অপরাধীদের জবাবদিহিতার আওতায় আনতে উৎসাহিত করছি।"

তাহলে নির্বাচন নিয়ে পশ্চিমা দেশগুলো যে প্রতিক্রিয়া জানালো , সেটির উদ্দেশ্য কী? "নির্বাচনের প্রক্রিয়াগত ব্যাপারে নিজস্ব পর্যবেক্ষণ বা মতামত তারা প্রকাশ করতে পারে। স্বাভাবিক সম্পর্ক বজায় রাখতে গিয়েও অনেক সময় তারা এটি করে থাকেন," বিবিসি বাংলাকে বলেন সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির। গত বছরের ২৪শে মে বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচনের স্বার্থে নতুন ভিসানীতির ঘোষণা দিয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্র। সেখানে বলা হয়েছিল , বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে যারা 'বাধাগ্রস্ত' করবে, তারা যেন যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে না পারে, সেজন্য

ভিসানীতি প্রয়োগ করা হবে। এরপর দেশটির নতুন শ্রমনীতিকে ঘিরেও বাংলাদেশে বাড়তি উদ্বেগ তৈরি হতে দেখা গিয়েছিল। এখন নতুন সরকারকে অভিনন্দন জানানোর পর সেই উদ্বেগগুলো কি কেটে গেছে ? "আমি মনে করি না যে, শঙ্কাটা একেবারে দূর হয়ে গেছে", বিবিসি বাংলাকে বলেন সাবেক পররাষ্ট্র সচিব মো . তৌহিদ হোসেন। তবে নির্বাচন 'গ্রহণযোগ্য' না হওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্র শেষ পর্যন্ত বাংলাদেশের বিরুদ্ধে কী ধরনের কঠোর পদক্ষেপ নেবে বা আদৌ কোনো পদক্ষেপ নেবে কি-না, সেটি বুঝতে আরও কয়েক মাস সময় লাগবে বলেই মনে করেন মি. হোসেন।
(বিবিসি ওয়েব পেজ : ২২.১.২৪ রিহাব)

## শীতকালে শিশুদের ডায়রিয়া কেন হয়?

'কালকে সারারাত-সারাদিন ওর জ্বর ছিল। সকাল থেকে চারবার বমি করছে। কিচ্ছু খেয়ে পেটে রাখতে পারতেছে না আমার মেয়েটা। তাই , ফজরের আজানের আগেই গাড়িতে কইরা নিয়া আস ছি এখানে।' গত ১৬ই জানুয়ারি বেলা ১২টার দিকে স্বাস্থ্য বিষয়ক আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান আইসিডিডিআর , বি প্রাঙ্গণে দাঁড়িয়ে চোখের পানি মুছতে মুছতে এভাবেই মেয়ের অসুখের কথা বর্ণনা করছিলেন ফাতেমা বেগম। তিনি বলেন , দুইদিন ধরেই তীব্র জ্বরে ভুগছিলো তার দুই বছরের ক ন্যাশিশু কারিশমা। সেইসাথে , গতরাতে যোগ হয়েছে ক্রমাগত বমি এবং পেট খারাপ। কিন্তু, অবস্থা ক্রমশ অবনতির দিকে যাওয়ায় এদিন ভোরের আলো ফোটার আগেই কারিশমাকে নারায়ণগঞ্জ থেকে রাজধানীর মহাখালীতে অবস্থিত এই হাসপাতালে নিয়ে আসেন তার স্বজনরা। ঢাকায় আনার পর কারিশমা 'র জায়গা হয়েছে হাসপাতালটিতে ভর্তি অন্যান্য ডায়রিয়া রোগীর সাথে। এই রোগীদের বেশিরভাগই শিশু , যাদের অধিকাংশের বয়সই পাঁচ বছরের কম। সাধারণত শীতকালে বাংলাদেশের অনেক শিশু ডায়রিয়ায় আক্রান্ত হয়। এ বছরটিও তার ব্যতিক্রম নয়। শীত শুরুর সাথে সাথে দেশের বিভিন্ন প্রান্তের হাসপাতালগুলোয় এখন ডায়রিয়া রোগীদের ভিড়। আইসিডিডিআর, বি থেকে প্রাপ্ত তথ্য অনযায়ী, বর্তমানে যারা ডায়রিয়া আক্রান্ত হয়ে এই হাসপাতালটিতে ভর্তি আছেন, তাদের ৬০-৭০ শতাংশই হলো শিশু এবং মাত্র ৩০ শতাংশ হলো প্রাপ্তবয়স্ক। বিদায়ী বছরের শেষ এক সপ্তাহে দৈনিক গড়ে প্রায় ৭০০ জন ডায়রিয়া রোগী চিকিৎসা নিতে এসেছিলো এই হাসপাতালে। তারপর ধীরে ধীরে সংখ্যা কিছুটা কমে এসেছে। কিন্তু , চলতি মাসের মতো ডিসেম্বরেও ডায়রিয়া আক্রান্তদের সিংহভাগই ছিল শিশু। প্রতিষ্ঠানটিতে কর্মরত বিজ্ঞানী ডা. লুবাবা শাহরিন বলেন, "গত নভেম্বর এবং ডিসেম্বর মাসে অনেক বেশি রোগী ছিল। তখন শীতও এখনকার চেয়ে কম ছিল। অর্থাৎ, তীব্র শীত আসার আগে থেকেই ডায়রিয়ার প্রকোপ বাড়তে শুরু করেছিলো। ঐ সময় প্রতিদিন গড়ে ৭৫০-৮০০ জন রোগী এসেছে। তবে , অনেক বেশি শীত পড়ায় এখন ডায়রিয়া রোগীর পরিমাণ কমে গেছে; বিষয়টা কিন্তু মোটেও এমন না। তীব্র শীতের সময়ের আগে থে কেই এই প্রকোপ শুরু হতে পারে। মূলত , আবহাওয়া যখন মোটামুটি শুষ্ক হওয়া শুরু করে, শীতটা আসা শুরু করে, তখনই এই ডায়রিয়া আউটব্রেক বেশি হয়।" বাংলাদেশে বছরের দুই সময়ে ডায়রিয়া রোগীর সংখ্যা অস্বাভাবিক মাত্রায় বৃদ্ধি পায়। প্রথমটি হলো , বর্ষার আগে আগে। অর্থাৎ, যখন তাপমাত্রা অনেক উত্তপ্ত থাকে। এরপর , শীতের আগে আগে , অর্থাৎ সেপ্টেম্বর-অক্টোবর থেকে দ্বিতীয় দফায় ডায়রিয়ার প্রকোপ বাড়া শুরু হয় এবং পুরো জানুয়ারি পর্যন্ত তা চলমান থাকে।

শীতকালীন এই ডায়রিয়ার প্রধান কারণ হলো কিছু ভাইরাস , যার মাঝে রোটা ভাইরাস অন্যতম। ডা . লুবাবা বলেন, "শীতকালে যে আউটব্রেক দেখি, তা ভাইরাসের জন্য। এর মাঝে রোটা ভাইরাস অন্যতম। এছাড়া , আরও অনেকগুলো ভাইরাস আছে। যেগুলোর লক্ষণ রোটা ভাইরাসের মতোই।" শীতকালীন ডায়রিয়ার পেছনে যে কেবল রোটা ভাইরাসই দায়ী, এ কথা বলার কোনও সুযোগ নেই উল্লেখ করে তিনি বলেন , "আমরা কখনোই এটা খুঁজে বের করিনি যে এই ডায়রিয়াটা রোটা দিয়ে হচ্ছে, নাকি অন্যকিছু দিয়ে হচ্ছে। কারণ , এর একটা কমন প্যাটার্ন আছে। তা হলো , যেকোনও ভাইরাস দিয়েই আক্রান্ত হোক না কেন , এটা সেলফ-লিমিটিং; অর্থাৎ, নিজে নিজে ভালো হয়ে যাওয়া।" সামগ্রিকভাবে শীতকালের এমন ডায়রিয়াকে 'ভাইরাল ডায়রি য়া' বলা যেতে পারে বলে জানান মিজ শাহরিন। "শীতকালে হলে সেটাকে ভাইরাল ডায়রিয়া বলা যায়। এই ডায়রিয়ার পেছনের কারণগুলোর মাঝে রোটা ভাইরাস অন্যতম প্রধান ভাইরাস। তবে ডায়রিয়াটা এডিনো বা অ্যাস্ট্রো ভাইরাসের কারণেও হতে পারে।" শীতকালে অনেকের ঠান্ডা জ্বর হলেও ভাইরাসজনিত ডায়রিয়ায় গায়ে জ্বর খুব বেশি থাকে না। কিন্তু কিছু সুনির্দিষ্ট লক্ষণ আছে, যা দেখলে বোঝা যাবে যে ব্যক্তির ভাইরাল ইনফেকশন হয়েছে। যেমন-

হালকা কাশি, নাক দিয়ে পানি পড়া , সামান্য জ্বর (১০০ ডিগ্রি সেলসিয়াসের মতো), থেমে থেমে বমি , মলে জলীয় অংশের আধিক্য। সবশেষ লক্ষণ দু 'টো যখন দেখা যাবে , তখন বুঝতে হবে যে সে ভাইরাল ডায়রিয়াতে আক্রান্ত হয়েছে। এক্ষেত্রে, সাধারণত হাতে ময়লা থাকলে বা হাত না ধুয়ে বাচ্চাকে খাবার খাওয়ালে ভাইরাল ডায়রিয়া হয়। তবে রোগীকে যদি পরিপূর্ণ যত্ন এবং চিকিৎসা প্রদান করা হয়, তাহলে এই ভাইরাল ডায়রিয়া সাত দিনের মাথায় ভালো হয়ে যাবে। উল্লেখ্য , শীতকালীন ও গ্রীষ্মকালীন ডায়রিয়ার মাঝে কিছু পার্থক্য আছে বলে জানান মিজ শাহরিন। "শীতকালে বাচ্চা মৃদু অসুস্থতা নিয়ে আসে। এইসময় বাচ্চার পানিশূন্যতা কম থাকে। এর অর্থ , বাচ্চাকে বাসায় রেখে যদি স্যালাইন ঠিকমতো খাওয়াই , তখন হাসপাতালে আনা র মতো অবস্থা হবে না। কিন্তু গরমকালে ডায়রিয়া হলে অনেক বাচ্চার মারাত্মক পানিশূন্যতা থাকতে পারে। কারণ , এসময় বাচ্চা অনেক বেশি ঘেমে যায়। তাই , গরমকালে ডায়রিয়া হলে সেটা অনেক বেশি দুশ্চিন্তার।" ডা. লুবাবা শাহরিন বলেন , "ভাইরাল ইনফেকশন শিশুদের মাঝে খুব

সাধারণ এক রোগ। দুই বছর বয়স পর্যন্ত বাচ্চারা দুই চার বার এরকম ভাইরাল ইনফেকশনে ভোগে। এতে করে তার শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে। তাই এটা নিয়ে খুব বেশি উদ্বিগ্ন হওয়ার দরকার নাই।"

তাই, উপরের ঐ লক্ষণগুলো দেখা গেলে রোগীকে ঘরে রেখেও চিকিৎসা প্রদান করা যায়। কিন্তু কিছু লক্ষণ আছে, যেগুলোকে 'ডেঞ্জার সাইন' বা বিপদ সংকেত বলা হয়। সেগুলো থাকলে রোগীকে, বিশেষ করে শিশুদেরকে দ্রুত হাসপাতালে নিয়ে যেতে হবে। বাচ্চা এক ঘণ্টার মাঝে তিন বারের বেশি বমি করলে তাকে হাসপাতালে নিতে হবে। অর্থাৎ, যদি বাচ্চাকে কিছুই খাওয়ানো না যায়। এমনকি, যদি সে মুখে স্যা লাইনও না রাখতে পারে। বাচ্চা একদম নেতিয়ে পড়ে আছে। তার খাওয়ার কোনও শক্তি নেই। বাচ্চার খিঁচুনি হচ্ছে এবং হাত-পা ঠান্ডা হয়ে গেছে। রোগীকে বাড়ি বা হাসপাতাল, যেখানেই রাখা হোক না কেন; কিছু চিকিৎসা অত্যাবশ্যকীয়।

যদি জ্বর থাকে, জ্বরের ঔষধ দিতে হবে।

সর্দিতে যদি নাক বন্ধ থাকে, তবে যথাযথ ব্যবস্থা নিতে হবে; যাতে বাচ্চা শ্বাস নিতে পারে।

ডায়রিয়া চলাকালীন পরিমাণ মতো ওরস্যালাইন খাওয়াতে হবে।

ডা. লুবাবা'র মতে, "এটা খুব গুরুত্বপূর্ণ। ভাইরাল ইনফেকশনের সময় বাচ্চার ডায়রিয়া হলে বাচ্চাকে সঠিক পরিমাণের সালাইন দিতে হবে। বাচ্চার ওজন যত, প্রতিবার ডায়রিয়ার পর ঠিক তত চা চামচ পরিমাণ স্যালাইন খাওয়াতে হবে। অর্থাৎ, একটা বাচ্চার ওজন যদি আট কেজি হয়, তাহলে সে প্রত্যেকবার পায়খানার পর আট চা চামচ স্যালাইন খাবে।" তবে নির্দেশনা মেনে ওরস্যালাইন খাওয়ার ব্যাপারে সতর্ক হওয়ার পরামর্শ দেন এই বিজ্ঞানী। তিনি বলেন, "ওরস্যালাইন একটা ওষুধ। এটা পরিমাণমতো খাওয়াতে হবে। এটা বানাতেও হবে একেবারে এক্স্যাক্ট নির্দেশ অনুযায়ী। এক্ষেত্রে, ওরস্যালাইন পানির বোতলে গুলিয়ে ১২ ঘণ্টা পর্যন্ত রেখে দিতে পারব। এর মাঝে বাচ্চাকে যতটুকু খাওয়ানোর কথা, তা খাইয়ে সময় পার হলে বাকিটা ফেলে দিব।" অনেক সময় বাচ্চার ডায়রিয়া হলে পরিবারের পক্ষ থেকে বাচ্চার মাকেও ওরস্যালাইন খেতে বলা হয়। এই বিষয়টিকে 'ভুল ধারণা' হিসেবে চিহ্নিত করে তিনি বলেন, "বাচ্চার মাকে ওরস্যালাইন দিলে বাচ্চার জন্য এটা কোনো প্রভাব ফেলছে না। কারণ দুধের মাধ্যমে ওরস্যালাইনটা ট্রান্সমিট হয় না। তাই, যার ডায়রিয়া হয়েছে, ওরস্যালাইন শুধু সে-ই খাবে।" তিনি আরও বলেন, ভাইরাল ডায়রিয়া হলে তাড়াতাড়ি সুস্থ হওয়ার আশায় অনেকে অ্যান্টিবায়োটিক খান। "ডায়রিয়া হলে অনেকেই এক-দুই দিন দেখার পর হাসপাতালে আসে বা ফার্মেসিতে যায়। কিন্তু ভাইরাল ডায়রিয়ার ইনফেকশন ইমিডিয়েটলি ভালো করার মতো কোনও ঔষধ নেই। বারবার ফার্মেসিতে গেলে ফার্মেসির লোকজন তাকে অ্যান্টিবায়োটিক দিবে। কিন্তু অ্যান্টিবায়োটিক কখনওই ভাইরাস মারার জন্য ব্যবহার করা যায় না। অ্যান্টিবায়োটিক হচ্ছে ব্যাকটেরিয়ার জন্য।"

এছাড়া, অনেক বাবা-মা আছেন, যারা মনে করেন যে, বাচ্চাকে বেশি বেশি খাবার স্যালাইন খাওয়ালে বাচ্চা দ্রুত সুস্থ হয়ে উঠবে। এ বিষয়ে ডা. লুবাবা'র অভিমত, "না জেনে প্রয়োজনের অতিরিক্ত স্যালাইন দিলে পরিস্থিতি খারাপ হতে পারে। এছাড়া, ঘন করে বানানো স্যালাইন খাওয়ালে বাচ্চাদের মারাত্মক সমস্যা হয়। অতিরিক্ত স্যালাইন খেলে লবণ বেড়ে যায় শরীরে। এই তীব্র লবণের কারণে হাইপারনেট্রেমিয়া হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। শরীরে লবণ বেড়ে গেলে বাচ্চার খিঁচুনি হয় এবং জটিল আকার ধারণ করে। এই ধরনের রোগী শীতকালে বেশি পাওয়া যায়। কারণ যারা এই নিয়ম জানে না, 'ভালো হচ্ছে না কেন, আরও বেশি খাওয়াই' মনোভাব থেকে তারা প্রয়োজনের অতিরিক্ত স্যালাইন খাওয়াতেই থাকে। তখন বাসার মাঝেই বাচ্চার খিঁচুনি শুরু হয়ে যায়। এই বাচ্চাগুলোকে আইসিইউ-তে রেখে ধীরে ধীরে তাদের শরীরের লবণের মাত্রা স্বাভাবিক করতে হয়। এর জন্য অনেক বেগ পেতে হয়।"

(বিবিসি ওয়েব পেজ : ২২.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশের রাজনৈতিক গতিপথ নির্ধারণে ভারত অযাচিত হস্তক্ষেপ করছে রিজভী

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, আওয়ামী লীগের সঙ্গে সম্পর্ক গভীর করার অংশ হিসেবে, বাংলাদেশের রাজনৈতিক গতিপথ নির্ধারণে ভারত 'অযাচিত হস্তক্ষেপ' করছে। সোমবার (২২ জানুয়ারি) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে রিজভী এ কথা বলেন। তিনি আরো বলেন, "ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর উগান্ডায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকে বলেছেন, বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক দৃঢ় থেকে দৃঢ়তর হচ্ছে।" রিজভী বলেন, জয়শঙ্করের বক্তব্য আংশিক সত্য। তিনি আরো বলেন, আওয়ামী লীগের সঙ্গে ভারতের সম্পর্ক গভীর হয়েছে; কিন্তু বাংলাদেশের জনগণের সঙ্গে নয়। "আওয়ামী লীগের সঙ্গে সম্পর্ক জোরদারের প্রচেষ্টার অংশ হিসেবে বাংলাদেশের ভবিষ্যৎ ও রাজনৈতিক গতিপথ নির্ধারণে ভারতের অযাচিত হস্তক্ষেপের কারণে বাংলাদেশের জনগণ তাদের গণতন্ত্র, বাক স্বাধীনতা ও ভোটের অধিকার হারিয়েছে," অভিযোগ করেন রুহুল কবির রিজভী। জনগণের ভোট ছাড়াই আওয়ামী লীগ ক্ষমতা দখল করায় দেশের সর্বত্র নৈরাজ্য বিরাজ করছে বলেও অভিযোগ করেন তিনি। দেশে গ্যাস ও বিদ্যুৎ সংকট গভীরতর হওয়ার জন্য সরকারের সমালোচনা করেন এই বিএনপি নেতা। রিজভী বলেন, সরকার বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশকে আমদানি নির্ভর রাষ্ট্রে পরিণত করেছে। জনগণের ভোটাধিকার জনগণের ক্ষমতায়নের পূর্বশর্ত উল্লেখ করেন রিজভী। তিনি বলেন, "জনগণের ক্ষমতায়ন ও ১২ কোটি মানুষের ভোটাধিকার ফিরিয়ে আনতে বিএনপিসহ অন্যান্য

গণতান্ত্রিক দল রাজপথে সক্রিয় রয়েছে। ” বিএনপির সিনিয়র যুগ্ম -মহাসচিব বলেন, সরকার প্রতারণামূলক নির্বাচন করতে গিয়ে তিন -চার মাস ধরে বিএনপির শত শত নেতা -কর্মীকে গ্রেপ্তার করেছে। “নেতা-কর্মীদের কেউ শারীরিক নির্যাতনে মারা গেছেন, আবার অনেকে পঙ্গু হয়েছেন। হেফাজতে ও রিমান্ডে নির্যাতন সব রেকর্ড ভঙ্গ করেছে এই সরকার,” বলেন তিনি। বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি দাবি করেন রুহুল কবির রিজভী; আর খালেদা জিয়াকে বিদেশে উন্নত চিকিৎসার সুযোগ দিতে সরকারের প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ক আরো গভীর হচ্ছে বলে উল্লেখ করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড . এস জয়শঙ্কর। ১৯তম ন্যাম সম্মেলনের ফাঁকে , বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড . হাছান মাহমুদের সঙ্গে বৈঠকের সময় তিনি এ কথা বলেন। জয়শঙ্কর উল্লেখ করেন যে কাম্পালায় বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড . হাছান মাহমুদের সঙ্গে দেখা করতে পেরে তিনি আনন্দিত। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় শনিবার (২০ জানুয়ারি) জানায়, উভয় দেশের মন্ত্রী পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন। তারা, দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরো এগিয়ে নেয়ার বিষয়েও আলোচনা করেছেন বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। বলেছে , তারা বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর আসন্ন নয়াদিল্লি সফর নিয়েও আলোচনা করেন। বাংলাদেশ -ভারত স ম্পর্ক আরো জোরদার করতে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ আগামী ৭ ফেব্রুয়ারি ভারতের নয়াদিল্লি সফর করার কথা রয়েছে।
(ভোয়া ওয়েব পেজ : ২৩.০১.২০২৪ এলিনা)

## মজুতদারদের কারাগারে পাঠাতে হবে: শেখ হাসিনা

অবৈধ মজুতদার ও বাজার কারসাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার নির্দে শ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। তিনি বলেন , “প্রয়োজনে তাদের কারাগারে পাঠাতে হবে। ” সোমবার (২২ জানুয়ারি) বিকেলে গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভায় আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা এ কথা বলেন। তিনি বলেন, “কেউ যদি অসৎ উদ্দেশ্যে কোনো পণ্য মজুদ করে থাকে , তাহলে আমাদের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে এবং প্রয়োজনে তাদের কারাগারে পাঠাতে হবে। ” নির্বাচনের পর হঠাৎ করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি খুবই অস্বাভাবিক বিষয় বলে উ ল্লেখ করেন শেখ হাসিনা। তিনি বলেন, “এর পেছনে কারা কারসাজি করছে তা খুঁজে বের করা জরুরি। শুধু খুঁজে বের করলে হবে না ; তাদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে। ভবিষ্যতে আমরা তা করব। ” মজুতদারি ও কালোবাজারিদের বিরুদ্ধে দেশবাসীকে সতর্ক থাকার আহ্বান জানান শেখ হা সিনা। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে যারা প্রশ্ন তুলেছেন তাদের কঠোর সমালোচনা করেন শেখ হাসিনা। বলেন , “জনগণ এই নির্বাচন মেনে নিয়েছে। ” শেখ হাসিনা আরো বলেন, অহেতুক বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করা হচ্ছে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির পাশাপাশি তৈরি পোশাক খাতে আন্দোলনের চেষ্টা চলছে; উল্লেখ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়া ওয়েব পেজ : ২৩.০১.২০২৪ এলিনা)

## শেখ হাসিনাকে চেক প্রজাতন্ত্র ও নিকারাগুয়ার নেতাদের অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় , শেখ হাসিনা অভিনন্দন জানিয়েছে ন চেক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী পেত্র ফিয়ালা, নিকারাগুয়ার প্রেসিডেন্ট দানিয়েল ওর্তেগা সাভেদ্রা সোমবার (২২ জানুয়ারি) বাংলাদেশের প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে। অভিনন্দন বার্তায় পেত্র ফিয়ালা বলেন , “চেক প্রজাতন্ত্র ও বাংলাদেশের বন্ধু ত্বপূর্ণ সম্পর্ককে আমি গভীরভাবে মূল্য দেই এবং আমি বিশ্বাস করি যে আমাদের দুই দেশের পারস্পরিক কল্যাণে আমরা এই সম্পর্ককে গভীর ও জোরদার করা অব্যাহত রাখব। ” পেত্র ফিয়ালা, দ্বিপক্ষীয় পর্যায়ে এবং অভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে আন্তর্জাতিক সংস্থায় সহযোগি তা আরো উন্নয়নে, তার দেশের আগ্রহের বিষয়ে শেখ হাসিনাকে আশ্বস্ত করেন। ফিয়েলা বলেন, “বাংলাদেশের জনগণের মঙ্গল কামনা করে, আপনার প্রতিশ্রুত কাজের সার্বিক সাফল্য কামনা করছি। ” এদিকে, নিকারাগুয়ার প্রেসিডেন্ট দানিয়েল ওর্তেগা সাভেদ্রা এবং ভাইস প্রেসিডেন্ট রোজারিও মুরিলো শেখ হাসিনাকে লেখা এক চিঠিতে অভিনন্দন জানিয়েছেন। নিকারাগুয়ার নেতারা বলেছেন, “জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনঃনির্বাচিত হওয়ায় আমরা আপনাকে আন্তরিক ও উষ্ণ অভিনন্দন জানাচ্ছি।” চিঠিতে তারা নতুন মেয়াদে প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনা ও তার সরকারের সফলতা কামনা করেন। নিকারাগুয়ার বলেন, “আমরা নিশ্চিত যে, আপনারা বাংলাদেশের জনগণের কল্যাণে নতুন কিছু অর্জন করবেন। ” তারা আরো বলেন, “প্রশংসা ও শ্রদ্ধার সঙ্গে আমরা আমাদের ঐতিহাসিক ভ্রাতৃত্ব ও সংহতির সম্পর্ককে আরো জোরদার করার জন্য, আমাদের আগ্রহের কথা পুনর্ব্যক্ত করছি।” (ভোয়া ওয়েব পেজ : ২২.০১.২০২৪ এলিনা)

## বিএনপি এখন দেশে-বিদেশে গুজব ছড়াচ্ছে: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং বাংলাদেশের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি এখন দেশে-বিদেশে গুজব ছড়াছে। আর এর মাধ্য মে সরকার বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত রয়েছে। সোমবার (২২ জানুয়ারি) দুপুরে রাজধানী ঢাকার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভানেত্রীর কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের আরো বলেন, “তাদের অগ্নিসন্ত্রাসের সঙ্গে গুজবসন্ত্রাস যোগ রয়েছে। ” সারা বিশ্বে দ্র ব্যমূল্য বাড়ছে বলে উল্লেখ করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। “তারা এই পরিস্থিতিকে সম্ভাব্য দুর্ভিক্ষ বলে অপপ্রচার

চালাচ্ছে," যোগ করেন তিনি। বিএনপি যদি ইতিবাচক রাজনীতি নিয়ে এগিয়ে যেত , তাহলে হঠাৎ করে তাদের এমন পতন হত না বলে উল্লেখ করেন ওবায়দুল কাদের। বলেন , "সরকার উৎখাতের চেষ্টা করতে গিয়ে তারা এখন গর্তে পড়েছেন।" সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের জানান যে , নির্বাচনে দ্বিতীয় সর্বোচ্চ আসন পাওয়া রাজনৈতিক দলই হবে সংসদে প্রধান বিরোধী দল।
(ভোয়া ওয়েব পেজ : ২২.০১.২০২৪ এলিনা)

## আওয়ামী লীগ সরকারের কোনো জনসমর্থন নেই: মঈন খান

এদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন, আওয়ামী লীগ সরকারের কোনো ভিত্তি নেই, জনসমর্থন নেই। তাই যেকোনো মুহূর্তে তারা ক্ষমতা ছাড়তে বাধ্য হবে। রবিবার (২১ জানুয়ারি) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) অনুষ্ঠিত এক আলোচনা সভায় একথা বলেন তিনি। মঈন খান বলেন , "আমি স্পষ্ট করে বলতে চাই, ৭ জানুয়ারি প্রহসনের নির্বাচনের মাধ্যমে এই সরকার চরমভাবে পরাজিত হয়েছে। তাদের পায়ের নিচের মাটি সরে গেছে।" মঈন খান বলেন যে, অনেকে তাকে প্রশ্ন করেন এমন একটি নির্বাচন করার পর, এই সরকার আরো পাঁচ বছর ক্ষমতায় থাকতে পারবে কি না। তিনি বলেন , "আমি তাদের বলতে চাই, ১৯৯০ সালে ক্ষমতাচ্যুত হওয়ার একদিন আগেও এরশাদ সরকার জানতো না, তাদের এভাবে ক্ষমতা ছাড়তে হবে। " জনগণ একটি দেশের সরকারের ভিত্তি বলে উল্লেখ করেন ড. খান। বলেন, এই ভিত আস্তে আস্তে সরে যাওয়ায় আওয়ামী লীগ এখন শূন্যের ওপর দাঁড়িয়ে আছে। "তাদের পায়ের তলায় মাটি নেই। যেকোনো মুহূর্তে এই সরকার চলে যেতে বাধ্য হবে ," যোগ করেন বিএনপির স্থায়ী কমিটির এই সদস্য। ড. মঈন খান গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠার আন্দোলন সফল করতে দেশবাসী ও বিরোধী দলের নেতা-কর্মীদের আরো ত্যাগ স্বীকারের জন্য প্রস্তুত হওয়ার আহ্বান জানান।
(ভোয়া ওয়েব পেজ : ২২.০১.২০২৪ এলিনা)

## দক্ষিণ বিশ্বের টেকসই উন্নয়নে সংহতি ও সহযোগিতার আহ্বান জানিয়েছে বাংলাদেশ

দক্ষিণ বিশ্বের দেশগুলোর প্রতি , টেকসই উন্নয়নের চূড়ান্ত লক্ষ্য অর্জনের জন্য, পারস্পরিক সংহতি ও ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। উগান্ডার কাম্পালায় জি -৭৭ (জি-৭৭) ও চীনের জেনারেল ডিবেট অফ দ্যা থার্ড সাউথ সামিটে এ আহ্বান জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। জলবায়ু পরিবর্তন, যুদ্ধ, নিষেধাজ্ঞা-পাল্টা নিষেধাজ্ঞা, ঋণ সংকট এবং ক্রমবর্ধমান সংরক্ষণবাদের কারণে চলমান বৈশ্বিক সংকটের কথা উল্লেখ করেন হাছান মাহমুদ। তিনি বলেন , "চ্যালেঞ্জগুলো কাটিয়ে উঠতে , দক্ষিণ বিশ্বের দেশগুলোর পারস্পরিক সহযোগিতার সুযোগ কাজে লাগাতে হবে।" বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী, একটি স্বচ্ছ ও অধিকতর ন্যায়সঙ্গত বিশ্বের জন্য পাঁচটি জরুরি বিষয়ের ওপর গুরুত্বারোপ করেন। বিষয়গুলোর মধ্যে রয়েছে ; এসডিজি বাস্তবায়নে অধিকতর কার্যকর পদক্ষেপ , বর্তমান আন্তর্জাতিক আর্থিক কাঠামোর সংস্কার , প্রযুক্তিগত বিভাজন দূর করা , সর্বত্র লিঙ্গ সমতা নিশ্চি ত করা এবং দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে যুব জনগোষ্ঠীর ক্ষমতায়ন। ফিলিস্তিনি জনগণের স্বাধীনতা ও ন্যায় বিচারের অধিকার অর্জনে তাদের সংগ্রামের প্রতি সমর্থনের বিষয়ে বাংলাদেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন হাছান মাহমুদ। এর আগে, সম্মেলনের উদ্ বোধনী অনুষ্ঠানে যোগ দেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। তৃতীয় সাউথ সামিটের চেয়ার এবং গ্রুপের নতুন চেয়ার হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন উগান্ডার প্রেসিডেন্ট ইওয়েরি মুসেভেনি। অধিবেশনে আরো বক্তব্য দেন জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৮তম অধিবেশনের সভাপতি ডেনিস ফ্রান্সিস ; জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস; চীনের প্রেসিডেন্টের বিশেষ প্রতিনিধি লিউ গুওঝং এবং দ্বিতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনের আয়োজক দেশ কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুলতান বিন সাদ আল-মুরাইখি। (ভোয়া ওয়েব পেজ : ২২.০১.২০২৪ এলিনা)

## বাংলাদেশে কোনো কূটনৈতিক সমস্যার আশঙ্কা নেই : আইনমন্ত্রী আনিসুল হক

বাংলাদেশর আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক জানিয়েছেন , নির্বাচনের পর, বাংলাদেশের জন্য আর কোনো কূটনৈতিক সমস্যার আশঙ্কা নেই। সোমবার (২২ জানুয়ারি) বিকালে সচিবালয়ে, ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎ শেষে আনিসুল হক সাংবাদিকদের এ কথা জানান। আইনমন্ত্রী বলেন , নির্বাচনের আগে দেশে একটা কূটনৈতিক সংকট ছিলো , নির্বাচনের পর কূটনীতিকরা মন্ত্রীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করছেন। কূটনৈতিক সংকট কি কেটে গেছে, এমন প্রশ্নের জবাবে আনিসুল হক বলে ন, "আমি কূটনৈতিক সংকট বলব না। আমার মনে হয়, বরং আপনাদের মনে একটা দুশ্চিন্তা ছিলো। আমি সেটাই বলব, অবশ্যই আপনারা এখন দেখছেন, নির্বাচনের পর সে রকম কোনো কূটনৈতিক সমস্যার আশঙ্কা নেই ," যোগ করেন আইনমন্ত্রী আনিসুল হক। আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে আইনের সমস্যা প্র সঙ্গে জানতে চাইলে আনিসুল হক জানান, আমাদের যেসব উন্নয়ন অংশীদার আছে , তাদের সঙ্গে আইনের প্রয়োগ , আইনের ধারাগুলোর স্পষ্টিকরণ সব সময় প্রয়োজন হয়। "আইনে যেসব পরিবর্তন ভারতে হয়েছে, সেসব পরিবর্তন আমাদের দেশেও দরকার কি না ; আমাদের দেশে আইনে যেসব পরিবর্তন করা হয়েছে সেগু লো ভারতে দরকার কি না , সে বিষয়ে আমরা সব সময় আলোচনা করি। আজও এ বিষয়ে কথা বলেছি," জানান আনিসুল হক। আইনমন্ত্রী জানান, আজ বিশেষ একটি বিষয় নিয়ে তিনি ভারতের হাইকমিশনারের সঙ্গে আলাচনা করেছেন। তা হলো , ভারতের ভূপালে অবস্থিত ন্যাশনাল জুডিসিয়াল

একাডেমির আদলে বাংলাদেশে একটি একাডেমি প্রতিষ্ঠা করা। আনিসুল হক বলেন, "ভূপালের একাডেমিতে বাংলাদেশের ১,২০৬ জন জুডিসিয়াল অফিসার ট্রেনিং নিচ্ছেন। প্রায় দুই হাজার ট্রেনিং নেবেন। আমাদের ন্যাশনাল জুডিসিয়াল একাডেমি প্রতিষ্ঠায় ভারতের প্রয়োজন হবে। এসব বিষয় নিয়েই আলাপ-আলোচনা করেছি।"
(ভোয়া ওয়েব পেজ : ২২.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## জাতীয় পার্টিই সংসদের প্রধান বিরোধীদল- ওবায়দুল কাদের

বাংলাদেশের জাতীয় পার্টি সংসদের প্রধান বিরোধীদল বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এদিকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, সরকারকে গণতন্ত্রের পথে এসে অংশগ্রহণমূলক নির্বাচন দিতে হবে। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা:

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দ্বিতীয় সর্বোচ্চ আসন পাওয়া জাতীয় পার্টিই সংসদের প্রধান বি রোধী দল। এমনটা জানিয়েছেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সোমবার দুপুরে, রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে, তিনি একথা জানান। কাদের বলেন, নির্বাচনে দ্বিতীয় সর্বোচ্চ আসন পাও য়া রাজনৈতিক দলই হবে প্রধান বিরোধীদল। স্বতন্ত্ররা স্বতন্ত্রই আছেন। এসময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, বিএনপি সব হারিয়ে এখন শোক সাগরে নিমজ্জিত। তারা এখন সরকার বিরোধী অপতৎপরতায় লিপ্ত হয়েছে। দেশে -বিদেশে গুজব ছড়াচ্ছে। তাদের অগ্নিসন্ত্রাসের সঙ্গে যুক্ত হয়েছে গুজবসন্ত্রাস। এদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন, গণতন্ত্রের পথে এসে অংশগ্রহণমূলক নির্বাচন দিতে হবে। এমন আমি -ডামির নির্বাচনের সরকারকে দেশে বেশি দিন চলতে দেয়া যায় না। সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে সোমবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এক আলোচনা সভায় তিনি এ দাবি জানান। আলোচনা সভায় বিএনপি এই নেতা বলেন (স্বকণ্ঠে): এই সরকারের কোনো ভিত্তি নেই। কারণ তাদের সরকারের পায়ের তলার মাটির নিচে কোনো জনগণ নেই। যেহেতু জনগণ নেই; এই সরকারের কোন ভিত্তি নে ই। সরকার নিজেও বুঝতে পারছে না কখন তাসের ঘরের মতো তারা নিজেরা ভেঙ্গে পড়বে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২২.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ঘন কুয়াশা ও শৈত্য প্রবাহ বাংলাদেশের ২১ জেলায়, বৃষ্টির সম্ভাবনায় শীত বৃদ্ধির আশংকা

ঘন কুয়াশা আর হিমেল হাওয়ায় বাংলাদেশের জনজীবনে নেমে এসেছে চরম স্থবিরতা। দেশের কয়েকটি জেলায় তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নেমে যাওয়ায়, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

ঘন কুয়াশা আর হিমেল হাওয়ায় জনজীবনে নেমে এসেছে চরম স্থবিরতা। ফলে বিপাকে রয়েছেন ছিন্নমূল ও খেটে খাওয়া মানুষ। দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৮ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে নওগাঁর বদলগাছি ও দিনাজপুরে। দেশের কয়েকটি জেলায় তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নেমে যাওয়ায়, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে র সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। মাঘের কনকনে ঠান্ডায় স্থবির সারাদেশ। সাথে হিমেল বাতাস ভোগান্তি বাড়িয়েছে কয়েকগুণ। কয়েকটি জেলায় সূর্যের দেখা মিললেও, দেখা মিলছে না উত্তাপের। শীতে সবচেয়ে বেশি ভোগান্তিতে রয়েছেন ছিন্নমূল ও খেটে খাওয়া নিম্ন আয়ের মানুষ। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে): কঠিন কনকনে শীত, খুব দুরবস্থায় আছি। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে): রোদ চোখে দেখা যাচ্ছে না এবং শীতের প্রভাবে মানুষজন ঘর হতে বের হতে পারছে না। দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের জেলা চুয়াডাঙ্গা আজ সকাল ৯ টায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। দিনাজপুরে সর্বনিম্ন তাপমাত্রা ৮ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। তাপমাত্রা ১০ এর নিচে থাকায় সকল প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। তবে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোর বিষয়ে কোনো সিদ্ধা ন্ত নিতে পারেনি কর্তৃপক্ষ, এমনটা জানিয়েছেন দিনাজপুরের জেলা শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম (স্বকণ্ঠে): টেম্পারেচার প্রতিদিনই চেঞ্জ হচ্ছে এজন্য আমি বন্ধ করি নাই এখনও। এখন আমি সিদ্ধান্ত বসছি, দেখি কি করতে পারি। তাপপ্রবাহ ও তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নেমে যা ওয়ায়, পাবনা জেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। রোববার রাতে পাবনা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সিদ্দিক মোহাম্মদ ইউসুফ রেজা ও জেলা শিক্ষা অফিসার রোস্তম আলী হেলালী স্বাক্ষরিত পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

লালমনিরহাটে শীতের তীব্রতা বেড়েই চলেছে। সকালে জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ৯ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করেছে আবহাওয়া অধিদপ্তর। যা ঐ অঞ্চলের এই মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা। শৈত্যপ্রবাহের ছোবলে বিপর্যস্ত রাজধানী ঢাকার বাসিন্দারাও। উত্তরীয় হিমেল হওয়া য় বাড়ছে কনকনে শীত। আবহাওয়াবিদ মোঃ শাহিনুল ইসলাম গণমাধ্যমকে বলেছেন (স্বকণ্ঠে): বিশেষ করে খুলনা বিভাগ, বরিশাল বিভাগ এবং চট্টগ্রাম বিভাগের এবং সেইসাথে ঢাকা বিভাগের দক্ষিণাঞ্চল বিশেষ করে ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ এইসব অঞ্চলে আকাশে মেঘ চলে আসার

সম্ভাবনা আছে এবং সেই মেঘ থেকে ২৪ তারিখ এবং ২৫ তারিখে কোথাও কোথাও গুড়ি গুড়ি বৃষ্টি কোথাও কোথাও মেঘলা কোথাও কোথাও হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২২.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় চীনে ভূমিধসে অন্তত৪৭ জন

চীনের ইউনান প্রদেশে ভূমিধসে অন্তত ৪৭ জন নিখোঁজ হওয়ার পর উদ্ধার অভিযান চলছে। রাষ্ট্র পরিচালিত চায়না সেন্ট্রাল টেলিভিশন জানিয়েছে যে , সোমবার সকাল ৬টার কিছু আগে ঝাওতং শহরে ভূমিধসের ঘটনাটি ঘটে। প্রতিবেদনে বলা হয়েছে, ১৮টি পরিবারের অন্তত ৪৭ জন ব্যক্তি নিখোঁজ রয়েছেন এবং তারা মাটি চাপা পড়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। উদ্ধারকারীরা জীবিতদের সন্ধানে নির্মাণ যন্ত্রপাতি ব্যবহার করছেন। সিসিটিভি ফুটেজে দেখা যাচ্ছে যে, একটি পাহাড়ের ঢাল মূলত ধসে পড়েছে, যার ফলে আবাসিক এলাকায় প্রচুর পরিমাণে কালো মাটি ঢুকে পড়েছে। রবিবার থেকে এই অঞ্চলে তুষারপাত হচ্ছে এবং দিনের সর্বোচ্চ তাপমাত্রা শূন্য ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি রয়েছে। আক্রান্ত এলাকা থেকে ৫০০ জনেরও বেশি বাসিন্দাকে সরিয়ে নেওয়া হয়েছে বলে জানা গেছে।
(এনএইচকে ওয়েব পেজ : ২২.০১.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### অযোধ্যায় রামমন্দিরের উদ্বোধনে উপস্থিত তারকারা

অযোধ্যায় রামমন্দিরের উদ্বোধন অনুষ্ঠানে তারকা -সমাবেশ। সিনেমা, রাজনীতি, খেলা-সহ বিভিন্ন ক্ষেত্রের তারকারা এসেছেন এই অনুষ্ঠানে। শ্রী রামজন্মভূমি ট্রাস্ট উদ্বো ধনী অনুষ্ঠানের জন্য প্রায় আট হাজার মানুষকে আমন্ত্রণ জানিয়েছেন। তার মধ্যে রাজনীতিবিদরা যেমন আছেন। তেমনই আছেন শিল্পপতি, বলিউড সুপারস্টার ও আরো বিভিন্ন ক্ষেত্রের নক্ষত্ররা। অনুষ্ঠান শুরুর অনেক আগেই পৌঁছে যান অমিতাভ ও অভিষেক বচ্চন। পৌঁছে যান মাধুরী দীক্ষিত , কঙ্গনা রানাওয়াত, ভিকি কৌশল, ক্যাটরিনা কাইফ, রণবীর কাপুর, আলিয়া ভাট, অংশুমান খুরানা, রোহিত শেটি, রাজকুমার হিরানি, মহাবীর জৈনরা। তেলুগু তারকা চিরঞ্জীবি ও রাম চরণ ছিলেন। ছিলেন অভিনেতা মনোজ জোশী। বলিউডের প্রচুর তারকা উপস্থিত থাকলেও ছিলেন না তিন খান , সলমন, শাহরুখ ও আমির খান। সূত্র জানাচ্ছে, তারা আমন্ত্রণ পাননি। রামলালার প্রাণপ্রতিষ্ঠা অনুষ্ঠানে ছিলেন শচিন টেন্ডুলকর , অনিল কুম্বলে। রণদীপ হুডা , অনুপম খেররাও সময়ের আগে পৌঁছে যান।

তবে রামমন্দিরের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান আকর্ষণ ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি সকালে অযোধ্যা পৌঁছে যান। পৌঁছে গেছেন সাবেক প্রধানমন্ত্রী দেবগৌড়া, অন্ধ্র প্রদেশের সাবেক মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু, আরএসএসের প্রধান মোহন ভাগবতও। ইন্ডিয়া জোটের শরিক বিরোধী দলগুলি এই উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিচ্ছে না। কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খাড়গে, কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী , লোকসভার নেতা অধীর রঞ্জন চৌধুরীও রামমন্দিরের উদ্বোধন অনুষ্ঠানে যাননি। রাহুল গান্ধী এখন উত্তর -পূর্বে ন্যায় যাত্রা করছেন। মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতায় পাল্টা সংহতি মিছিল করছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২২.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন বেলারুশের প্রধানমন্ত্রী রোমান গোলভচেঙ্ক

পুনরায় বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন বেলারুশের প্রধানমন্ত্রী রোমান গোলভচেঙ্ক। বাংলাদেশের প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে এক চিঠিতে তি নি লিখেছেন বেলারুশ প্রজাতন্ত্রের পক্ষ থেকে এবং আমার নিজের পক্ষ থেকে আমি আপনাকে সাধারণ নির্বাচনে নিরঙ্কুশ জয় লাভ করা এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে পুনরায় নির্বাচিত হওয়ার জন্য আন্তরিক অভিনন্দন জানাই। চিঠিতে বেলারুশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তার দেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন। বাংলাদেশ সংবাদ সংস্থা বাসস-এর এক প্রতিবেদনে এই তথ্য জানা গেছে।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

### বিভিন্নভাবে সরকারের বিরোধিতা করছে বিএনপি: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি বিভিন্নভাবে সরকার বিরোধী তৎপরতায় লিপ্ত রয়েছে। তাদের অগ্নিসন্ত্রাসের সঙ্গে যুক্ত হয়েছে গুজবসন্ত্রাস। তবে কথার বোমা মেরে এ সরকারকে উৎখাত করা যাবে না। সোমবার আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির কার্যালয়ে এক ব্রিফিংয়ে এসব কথা বলেন ওবায়দুল কাদের। এ সময় তিনি আরো বলেন, বিএনপি সবকিছু হারিয়ে শোকসাগরে নিমজ্জিত। এখন তাদের সামনে আর কিছু নেই। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

### ভারতের হস্তক্ষেপের কারণেই বাংলাদেশের জনগণ স্বাধীনতা ও ভোটাধিকার হারিয়েছে রিজভী

বাংলাদেশের রাজনীতিতে ভারত অযাচিত হস্তক্ষেপ করছে জানিয়ে দেশটির সমালোচনা করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তার দাবি ভারতীয় হস্তক্ষেপের কারণে বাংলাদেশের জনগণ স্বাধীনতা ও

ভোটাধিকার হারিয়েছে। সোমবার নয়া পল্টনে বিএনপি 'র কেন্দ্রীয় কার্যালয় এক সংবাদ সম্মেলনে এসব কথা বলে ন রিজভী। এ সময় তিনি আরো বলেন আওয়ামী লীগ ও পুলিশ প্রশাসন বিএনপিসহ গণতন্ত্রকামী দলগুলোর নেতাকর্মীদের জীবন নিয়ে খেলছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

**ভেঙ্গে ফেলতে হবে ঝুঁকিপূর্ণ গুলশান শপিং সেন্টার**

রাজধানীর গুলশান-১ এ অবস্থিত ঝুঁকিপূর্ণ গুলশান শপিং সেন্টার ' ভেঙে ফেলার নির্দেশ দিয়েছেন আপিল বিভাগ। সোমবার প্রধান বিচারপতির নেতৃত্বাধীন ৫ সদস্যের আপিল বেঞ্চ হাইকোর্টের রায় বহাল রেখে এ আদেশ দেন। এর আগে গত ১২ ডিসেম্বর বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ ৩০ দিনের মধ্যে গুলশান শপিং সেন্টা র ভাঙার নির্দেশ দিয়েছিলেন। ডিএনসিসি , রাজউকসহ সংশ্লিষ্টদের এ নির্দেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে। ঝুঁকিপূর্ণ হওয়ায় গত ২৩ জুলাই রাজধানীর গুলশান -১ এ অবস্থিত গুলশান শপিং সেন্টারটি সিলগালা করে দেয় ঢাকা উত্তর সিটি করপোরেশন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

**শিশু আয়ানের মৃত্যুর ঘটনার তদন্ত প্রতিবেদন বৃহস্পতিবার দাখিলের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট**

রাজধানীর বাড্ডার সাতারকুলের ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে সুন্নতে খতনার জন্য অজ্ঞান করা শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় তদন্ত প্রতিবেদন আগামী বৃহস্পতিবার দাখিল করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে এ প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। সোমবার বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো . আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট এ বি এম শাহজাহান আকন্দ মাসুম। রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তুষার কান্তি রায় ও সহকারী অ্যাটর্নি জেনারেল সেলিম আজাদ।

এর আগে গত ১৫ জানুয়ারি শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় তার পরিবারকে ৫ কোটি টাকা ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। একই স ঙ্গে শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনা সাত দিনের মধ্যে তদন্ত করে প্রতিবেদন আদালতে দাখিল করতে বলা হয়। পাশাপাশি দেশের সব সরকার অনুমোদিত ও অননুমোদিত হাসপাতাল-ক্লিনিকের তালিকা এক মাসের মধ্যে আদালতে দাখিল করতে বলা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে এ নির্দেশ বা স্তবায়ন করতে বলা হয়। বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো . আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

**সোমবার দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে নওগাঁর বদলগাছিতে৮.১ ডিগ্রি সেলসিয়াস**

রাজধানী ঢাকায় চলতি মৌসুমে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করেছে আবহাওয়া অধিদপ্তর। সেইসঙ্গে রাজশাহী ও রংপুর বিভাগসহ দেশের ২১ জেলায় বইছে মৃদু শৈত্য প্রবাহ। যা আগামী ২৪ ঘণ্টা অব্যাহত থাকতে পারে বলে আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে। সোমবার সকাল ৯ টায় ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২.১ ডিগ্রি সেলসিয়াস। পাশাপাশি আজ দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে নওগাঁর বদলগাছিতে ৮.১ ডিগ্রি সেলসিয়াস।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০১.২০২৪ আসাদ)

**প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানালেন নিকারাগুয়ার প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট**

নিকারাগুয়ার প্রেসিডেন্ট ড্যানিয়েল ওর্তেগা সাভেদ্রা এবং ভাইস প্রেসিডেন্ট রোজারিও মুরিল্লো বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীকে লেখা এক চিঠিতে নিকারাগুয়ার নেতারা বলেন গত সাত জানুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নির্বাচিত হাওয়ায় আমরা আপনাকে আন্তরিক ও উষ্ণ অভিনন্দন জানাচ্ছি। তাঁরা নতুন মেয়াদে তাঁর ও সরকারের সফলতা কামনা করেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

**দ্বাদশ জাতীয় সংসদে বিরোধী দলের আসনে জাতীয় পর্টি বসবে: ওবায়দুল কাদের**

দ্বাদশ জাতীয় সংসদে বিরোধী দলের আসনে জাতীয় পার্টি বসবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন স্বতন্ত্র সংসদ সদস্যরা স্বতন্ত্রই থাকবেন। আজ সোমবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের এ কথা জানান। এ সময় তিনি বলেন , বিএনপি সব হারিয়ে এখন শোক সাগরে নিমজ্জিত। তাদের অগ্নিসন্ত্রাসের সাথে এখন যোগ হয়েছে গুজবসন্ত্রাস।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

**অনেক দেশ বিরূপ মন্তব্য করলেও বুঝতে পেরেছেন নির্বাচন সুন্দর ও সুষ্ঠু হয়েছে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বাংলাদেশের নির্বাচনের আগে অনেক দেশ বিরূপ মন্তব্য করলেও পরে তারা স্পষ্ট বুঝতে পেরেছেন নির্বাচন অত্যন্ত সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেছেন, কোনো দেশ থেকে এই নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করা হয়নি। কারণ নির্বাচন নিয়ে যারা বিরূপ মন্তব্য করেছেন তারা এখন বুঝে গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নির্বাচন কমিশনের মাধ্যমে একটি সুন্দর নির্বাচন হয়েছে। সোমবার সচিবালায়ে নিজ কার্যালয়ে ঢাকায়

নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। এ সময় নিরাপত্তা বাহিনীর প্রশিক্ষণের পরিধি বাড়াতে চীনের প্রতি অনুরোধ জানান স্বরাষ্ট্রমন্ত্রী।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## ছয় মামলায় গয়েশ্বর চন্দ্র রায় চৌধুরীকে আগাম জামিন দিয়েছে হাইকোর্ট

প্রধান বিচারপতির বাসভবনে হামলাসহ রাজধানী পল্টন ও রমনা থানায় নাশকতার অভিযোগে করা ছয় মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়কে আগাম জামিন দিয়েছে হাইকোর্ট। এদি কে নাশকতার অভিযোগে দক্ষিণ কেরানীগঞ্জ থানায় দায়ের করা এক মামলায় দলের ঢাকা জেলার সাধারণ সম্পাদক নিপুণ রায় চৌধুরীকেও আগাম জামিন দিয়েছেন আদালত। আগামী ২৫ মার্চ পর্যন্ত তাদের আগাম জামিন দেয়া হয়েছে। সোমবার বিচারপতি হাবিবুল গনি ও বিচারপতি আহমেদ সোহেল এর হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## আগামী ৯ই মার্চ কুমিল্লা ও ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উপনির্বাচনের ভোট অনুষ্ঠিত হবে

আগামী ৯ মার্চ কুমিল্লা ও ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উপনির্বাচনের ভোট অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশনার আনিসুর রহমান। সোমবার দুপুরে সংবাদ সম্মেলনে আগারগাঁওয়ের নির্বাচন ভবনের নিজ কার্যালয়ে একথা বলেন তিনি। তিনি বলেন দুই সিটি কর্পোরেশনেরই ইভিএম এর মাধ্যমে ভোট অনুষ্ঠিত হবে। এছাড়াও ৯ মার্চ দেশের ৩, ৪টি পৌরসভা ও নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানান ইসি আনিসুর।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## নির্বাচনের পর দেশে কোনো কূটনীতিক সংকট নেই বা সংকটের কোনো আশঙ্কা নেইআইনমন্ত্রী

নির্বাচনের পরে দেশে কোনো কূটনীতিক সংকট নেই বা সংকটের কোন আশঙ্কাও নেই বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। সোমবার সচিবালায়ে ঢা কায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মার সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন আইনমন্ত্রী। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## সরকার উত্তর কোরিয়ার মডেল নিয়ে গর্ব করেন, এমন প্রশ্ন তুলেছেন ডক্টর আব্দুল মঈন খান

উন্নয়নের রোল মডেল নয় সরকারকে উত্তর কোরিয়ার মডেল নিয়ে গর্ব করেন এমন প্রশ্ন তুলেছেন বিএনপি স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ ইউট্যাব আয়োজিত আলোচনা সভায় এ প্রশ্ন করেন তিনি। এ সময় তিনি বলেন, মানুষের ঐক্য ও ন্যায়ের শক্তির কাছে বন্দুকের শক্তি টিকতে পারে না। গুলি বন্ধুক ও টিয়ার গ্যাস দিয়ে মানুষকে পরাভূত করা যাবে ; কিন্তু জনগণের ভালোবাসা পাওয়া যাবে না। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## চলমান শৈত্য প্রবাহের কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচি পরিবর্তন আনা হয়েছে

চলমান শৈত্য প্রবাহের কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচি পরিবর্তন আনা হয়েছে। আগামী ৩১শে জানুয়ারি পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে সকাল দশটায় ক্লাস শুরু হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এক আদেশে জানিয়েছে। সোমবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আদেশে বলা হয় সারাদেশে চলমান শৈত্য প্রবাহের কারণে শিক্ষার্থীদের অসুবিধার কথা বিবেচনা করে সরকারি প্রাথমিক বিদ্যালয় পাঠদান সময়সূচি ১ ঘণ্টা পেছানো হলো। আপাতত স্কুল শুরু হবে সকাল ১০:০০টায়। ৩১শে জানুয়ারি পর্যন্ত এই নিয়ম চলবে। কোথাও তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াস এর নিচে নেমে গেলে স্কুল বন্ধ রাখার যে আদেশ গত ১৬ জানুয়ারি দেয়া হয়েছিল তা বহাল থাকবে বলে জানিয়েছে মন্ত্রণালয়। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## শিশু আয়ান-এর মৃত্যুর ঘটনার তদন্ত প্রতিবেদন বৃহস্পতিবারের মধ্যে দাখিল করতে হবে

ঢাকার বাড্ডায় ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে খতনার জন্য অজ্ঞান করা শিশু আয়ান আহমেদ -এর মৃত্যুর ঘটনায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে আগামী বৃহস্পতিবার পর্যন্ত সময় দিয়েছে হাইকোর্ট। বিচারপতি মোস্তফা জামান ও বিচারপতি মো. আতাবুল্লাহর বেঞ্চ সোমবার এ আদেশ দেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## পাটুরিয়া ঘাটে ফেরি ডুবিতে নিখোঁজ ইঞ্জিন চালক হুমায়ুন কবিরের মরদেহ উদ্ধার

মানিকগঞ্জের পাটুরিয়া ঘাটে ফেরি ডুবিতে নিখোঁজ ইঞ্জিন চালক হুমায়ুন কবিরের মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। দুর্ঘটনার পাঁচ দিন পর সোমবার তার মরদেহ পাওয়া গেল। বিআইডব্লিউটিসির আরিচা অঞ্চলের উপমহাব্যবস্থাপক শাহ মো. খালেদ নেওয়াজ জানান সোমবার বিকেল চারটার দিকে ঘটনাস্থল থেকে ১৩ কিলোমিটার দূরে হরিরামপুরে পদ্মা নদীতে হুমায়ুনের লাশ ভেসে ওঠে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## ময়মনসিংহের মুক্তাগাছায় ট্রাক অটোরিকশা মুখোমুখি সংঘর্ষের তিনজন নিহত হয়েছে

ময়মনসিংহের মুক্তাগাছায় ট্রাক অটোরিকশা মুখোমুখি সংঘর্ষে মা মেয়েসহ তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় অটোরিকশাটির চালকসহ আহত হয়েছে চার জন। আজ সোমবার দুপুর ২টার দিকে ময়মনসিংহ-টাঙ্গাইল মহাসড়কের ভাবকির মোড় চেরুমন্ডল এলাকায় নির্মাণাধীন ব্রীজের কাছে এ দুর্ঘটনা ঘটে। এদিকে চট্টগ্রামের লোহাগড়ায় ট্রাক

চাপায় মোটরসাইকেলের তিন আরোহীর মৃত্যু হয়েছে। সোমবার বিকেল সাড়ে তিনটার দিকে উপজেলা চট্টগ্রাম কক্সবাজার সড়কের পদোয়া এলাকায় এই দুর্ঘটনা ঘটে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০১.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বেলারুশের প্রধানমন্ত্রীর অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন বেলারুশের প্রধানমন্ত্রী রোমান গোলভচেঙ্কো। শেখ হাসিনাকে লেখা এক চিঠিতে তিনি বলেন, 'বেলারুশ প্রজাতন্ত্র সরকারের পক্ষ থেকে এবং আমার নিজের পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাই। সাধারণ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় লাভ করায় এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে পুনরায় নির্বাচিত হওয়ায় আপনাকে অভিনন্দন।' রোমান গোলভচেঙ্কো বলেন, 'আপনার নেতৃত্ব ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সঠিক কৌশলের জন্য এটি নিঃসন্দেহে আপনার প্রতি বাংলাদেশের জনগণের গভীর আস্থার প্রমাণ।' তিনি আরো বলেন, 'আনন্দের সঙ্গে উল্লেখ করা যায় যে, রাজনৈতিক, অর্থনৈতিক ও মানবিক ক্ষেত্রে সহযোগিতাকে আরো সফলভাবে শক্তিশালী করতে পারস্পরিক শ্রদ্ধা, বিশ্বাস ও পারস্পরিক স্বার্থের ভিত্তিতে আমাদের বন্ধুত্বপূর্ণ দুই দেশের মধ্যে সংলাপ হয়।' বেলারুশের প্রধানমন্ত্রী জানান, তিনি দৃঢ় আস্থাশীল যে উভয় দেশের নাগরিকদের কল্যাণে বেলারুশের তৈরি যাত্রীবাহী যান ও রাস্তা নির্মাণের যন্ত্রপাতি, বৈদ্যুতিক যান এবং ট্রাক্টর সরবরাহের পাশাপাশি ওষুধ, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অব্যাহত সহযোগিতা ফলপ্রসূ দ্বিপাক্ষিক সম্পর্ক বাড়াতে অবদান রাখবে। চিঠিতে সুবিধাজনক সময়ে বেলারুশ ভ্রমণে শেখ হাসিনাকে আমন্ত্রণ জানান দেশটির প্রধানমন্ত্রী। একই সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য, সুখ এবং দায়িত্বশীল পদে সাফল্য কামনা করেন রোমান গোলভচেঙ্কো। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

### প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চেক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রীর অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনরায় নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন চেক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী পেত্র ফিয়ালা। বাংলাদেশের প্রধানমন্ত্রীকে লেখা এক অভিনন্দন বার্তায় চেক প্রধানমন্ত্রী বলেন, 'চেক প্রজাতন্ত্র এবং বাংলাদেশের মধ্যে যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে তা আমি গভীরভাবে মূল্যায়ন করি এবং আমি বিশ্বাস করি আমরা আমাদের উভয় দেশের পারস্পরিক স্বার্থে তা আরো গভীর ও জোরদার ভবিষ্যতেও অব্যাহত রাখবো।' তিনি শেখ হাসিনাকে অভিন্ন স্বার্থে সব ক্ষেত্রে দ্বিপাক্ষিক স্তরে এবং আন্তর্জাতিক সংস্থাগুলোতে আরো উন্নয়ন সহযোগিতার বিষয়ে তার দেশের আগ্রহের আশ্বাস দেন। ফিয়ালা আরো বলেন, 'বাংলাদেশের জনগণের কল্যাণে আপনার কাজের সর্বাত্মক সাফল্য কামনা করছি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

### বিএনপি সব হারিয়ে শোকসাগরে নিমজ্জিত: সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'বিএনপি সব হারিয়ে এখন শোকসাগরে নিমজ্জিত। তারা এখন সরকার বিরোধী তৎপরতায় লিপ্ত হয়ে দেশে-বিদেশে গুজব ছড়াচ্ছে। তাদের অগ্নিসন্ত্রাসের সঙ্গে যুক্ত হয়েছে গুজবসন্ত্রাস।' আজ সোমবার দুপুরে রাজধানী ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন সেতুমন্ত্রী। ওবায়দুল কাদের বলেন, 'সারাবিশ্বে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি। আর বাংলাদেশে তারা বিষয়টিকে দুর্ভিক্ষের পদধ্বনি বলে অপপ্রচার করছে। তারা মনে করছে আওয়ামী লীগ কচু পাতার ওপর শিশিরবিন্দু; সহজেই টলে পড়বে, সেটা সম্ভব নয়। আওয়ামী লীগের শিকড় মাটির অনেক গভীরে। আওয়ামী লীগের শক্তি দেশের জনগণ। কথার বোমা মেরে এ সরকারকে উৎখাত করা যাবে না।' তিনি বলেন, 'বিএনপির রাজনীতি ভুলের চোরাবালিতে আটকে আছে। তারা যত সরকারের পতন বলবে সরকারের তত উত্থান হবে। বিএনপি যদি ইতিবাচক রাজনীতি নিয়ে আগাতো তাহলে হঠাৎ করে তাদের এমন পতন হতো না। সরকারের পতন ঘটাতে গিয়ে নিজেরাই পতনের খাদে পড়ে গিয়েছে।' সাংবাদিকদের প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী বলেন, 'নির্বাচনে দ্বিতীয় সর্বোচ্চ আসন পাওয়া রাজনৈতিক দলই হবে প্রধান বিরোধীদল। স্বতন্ত্ররা স্বতন্ত্রই আছে। দল যদি বলেন তাহলে জাতীয় পার্টি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

### বিরূপ মন্তব্যকারীরা বুঝে গেছে সুন্দর নির্বাচন হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, 'বিরূপ মন্তব্যকারীরা এখন বুঝে গেছেন বাংলাদেশে সুন্দর নির্বাচন হয়েছে।' আজ সোমবার দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে চীন সরকারের 'গ্রেট ওয়াল কমোরেটিভ মেডেল' হস্তান্তর অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এ মেডেল হস্তান্তর করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'অনেক দেশ নির্বাচন নিয়ে অনেক মন্তব্য করেছে। কিন্তু আমাদের বন্ধু চায়না সরকার সবসময় বলেছে নির্বাচনটা বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়। এ বিষয়ে আমাদের কোনো মন্তব্য নেই। বাংলাদেশই সিদ্ধান্ত নেবে, তারাই নির্বাচন পরিচালনা করবে।' তিনি বলেন, 'অনেক বিরূপ মন্তব্য অনেকে করেছেন, আমি মনে করি তারা এখন বুঝে গেছেন সুন্দর ইলেকশন বাংলাদেশে হয়েছে, আন্ডার দ্যা লিডারশিপ অব আওয়ার প্রাইম মিনিস্টার শেখ হাসিনা এবং আমাদের নির্বাচন কমিশনের মাধ্যমে।' এখন পর্যন্ত কোনো দেশ থেকে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করা হয়নি জানিয়ে

আসাদুজ্জামান খান বলেন, 'তাই আমরা মনে করি একটি সুন্দর ইলেকশন জাতিকে উপহার দিয়েছে আমাদের নির্বাচন কমিশন। বিদেশ এবং আমাদের অন্যান্য প্রতিবেশী দেশের সঙ্গে চমৎকার সম্পর্ক রয়েছে। আমি মনে করি , এটা আরো শক্তিশালী হবে। আপনারা দেখেছেন চীনের রাষ্ট্রদূত তাদের সাপোর্টটা কীভাবে আমাদের দিয়ে গেছেন।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## কুমিল্লা ও ময়মনসিংহ সিটি নির্বাচন ৯ মার্চ: ইসি আনিছুর

কুমিল্লা ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে আগামী ৯ মার্চ। উভয় সিটিতে সব কেন্দ্রে ভোট হবে ইলেকট্রনিক ভোটিং মেশিন, ইভিএম পদ্ধতিতে। আজ সোমবার আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এ কথা জানিয়েছেন নির্বাচন কমিশনার আনিছুর রহমান। ময়মনসিংহ সিটিতে এবার দ্বিতীয়বারের মতো ভোট গ্রহণ হবে। অন্যদিকে কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরফানুল হক রিফাত গত ১৩ ডিসেম্বর সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তিনি নিউমোনিয়ায় আক্রান্ত হয়েছিলেন। নির্বাচন কমিশন বিধি অনুযায়ী, সিটি কর্পোরেশনের মেয়র পদ শূন্য হওয়ার পরবর্তী ৯০ দিনের মধ্যে উপ-নির্বাচন করতে হয়। ইসি আনিছুর রহমান জানিয়েছেন , 'ময়মনসিংহ সিটির সাধারণ নির্বাচন ও কুমিল্লা সিটি কর্পোরেশনে মেয়র পদে উপ-নির্বাচন আগামী ৯ মার্চ অনুষ্ঠিত হবে। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত টানা ভোট গ্রহণ চলবে। একই দিনে বেশ কয়েকটি পৌরসভায় নির্বাচন হবে। এছাড়া উপজেলা, জেলা পরিষদ উপ-নির্বাচন হবে। এর বাইরেও মৃত্যুজনিত কারণে শূন্য হওয়া কিছু ইউনিয়ন পরিষদেও নির্বাচন হবে। এই সবগুলো নির্বাচন একই দিনে অর্থাৎ ৯ মার্চ অনুষ্ঠিত হবে। দ্রুতই এসব নির্বাচনের আনুষ্ঠানিক তফশিল ঘোষণা করা হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## জাতীয় পার্টিতে ঐক্য বজায় রাখার আহ্বান রওশন এরশাদের

জাতীয় পার্টিতে ঐক্য বজায় রাখার আহ্বান জানিয়েছেন দলটির প্রধান পৃষ্ঠপোষক ও সংসদে সাবেক বিরোধী দলীয় নেতা বেগম রওশন এরশাদ। আজ সোমবার তার রাজনৈতিক সচিব গোলাম মসীহ স্বাক্ষরিত এক বিবৃতিতে তিনি এই আহ্বান জানান। বিবৃতিতে রওশন বলেন, 'পল্লীবন্ধু হুসেইন মুহাম্মদ এরশাদের আদর্শে অনুপ্রাণিত হয়ে যেসব নেতা-কর্মী দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতীয় পার্টির রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট, তাদের দল থেকে বহিষ্কার বা অব্যাহতি প্রদান অত্যন্ত দুঃখজনক। বিশেষ করে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে তথাকথিত দলীয় শৃঙ্খলা ভঙ্গের ভঙ্গুর অজুহাত তুলে দলের নিবেদিতপ্রাণ কর্মী ও সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের দল থেকে বহিষ্কার করা অত্যন্ত দুঃখজনক।' অনতিবিলম্বে অব্যাহতিপ্রাপ্ত ও বহিষ্কৃত নেতা-কর্মীদের দলে ফিরিয়ে এনে নিজ নিজ পদে বহালের আহ্বান জানিয়ে তিনি বলেন, 'যেই মুহূর্তে সব স্তরের নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ প্রয়াসের মাধ্যমে নির্বাচনে বিপর্যয় এড়িয়ে দলকে শক্তিশালী করা প্রয়োজন, সেই মুহূর্তে নিবেদিতপ্রাণ নেতা-কর্মীদের দল থেকে বের করে দিয়ে দলকে ন্যাপ মোজাফফর, ন্যাপ ভাসানী ও মুসলীম লীগে রূপান্তরের শামিল। তাই অনতিবিলম্বে দলকে ঐক্যবদ্ধ করার সব প্রয়াস গ্রহণের জন্য পার্টির চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানাচ্ছি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## আওয়ামী লীগ কখনো সদিচ্ছাপ্রসূত রাজনৈতিক আচরণ করেনি: রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'কোনোকালেই নিপীড়ক আওয়ামী সরকার সদিচ্ছাপ্রসূত রাজনৈতিক আচরণ করেনি। ওদের হাতের মুঠোয় ধ্বংসের শক্তি আর ভাষায় বিদ্বেষের শক্তি।' আজ সোমবার দুপুরে নয়াপল্টন বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, '৭ জানুয়ারির ভোট জনগণ প্রত্যাখান করেছে। অনেক অনুনয়-বিনয় আর স্বৈরাচারী উগ্র প্রতিমূর্তি ধারণ করেও ভোটারদের ভোট কেন্দ্রে নিয়ে যেতে পারেনি। কারণ জনগণ আগেই টের পেয়েছিল এরা ভোট কেন্দ্রে লোক সমাগম দেখিয়ে সন্ধ্যাবেলায় পূর্বনির্ধারিত ব্যক্তিদের সংসদ সদস্য হিসেবে নাম ঘোষণা করবে। সেটি ভোটের দিন অক্ষরে অক্ষরে প্রমাণিত হয়েছে।' তিনি বলেন, 'এরা নির্বাচনকে পচে-গলে বিকৃত করেছে। আর এই ধোঁকাবাজির নির্বাচন সম্পন্ন করতে নির্বাচনকে কেন্দ্র করে বিএনপির হাজার হাজার নেতা-কর্মীকে গত তিন-চার মাস ধরে গ্রেফতার করা হয়েছে। পাশবিক নিপীড়ন-নির্যাতন চালানো হয়েছে। শারীরিক নির্যাতনে অনেকেই কারাগারে মৃত্যুবরণ করেছেন এবং অসংখ্য নেতা-কর্মী পঙ্গুত্ববরণ করেছেন। কারা হেফাজতে ও রিমান্ডে নির্যাতন পৃথিবীর সব জালিমশাহীর রেকর্ড ভঙ্গ করেছে। কারো হাত-পা ভেঙে দেওয়া হয়েছে, কারো হাত ও পায়ের নখ তুলে ফেলা হয়েছে, কারো চোখের আলো নিভে গেছে পুলিশের ছোড়া শর্টগানের গুলিতে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## কালো পতাকা মিছিলে হামলার হুমকি এসেছে: মঈন খান

২৬ ও ২৭ জানুয়ারি বিএনপি যে কালো পতাকা মিছিলের ঘোষণা দিয়েছে তাতে হামলার হুমকি এসেছে বলে দাবি করছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। তিনি বলেন, 'সরকারের বিরুদ্ধে কালো পতাকা মিছিল কর্মসূচি দিয়েছি। কিন্তু হুমকি এসেছে যে কালো পতাকা মিছিল করলে না কি ২৮ অক্টোবর যেভাবে আক্রমণ করেছে সেভাবে করবে।' আজ সোমবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আলোচনা সভায় এসব কথা বলেন মঈন খান।

তিনি বলেন, 'সরকারকে বলব, গণতন্ত্রের পথে এসে অংশগ্রহণমূলক নির্বাচন দিন। না হলে পরিণতি ভালো হবে না। ' আওয়ামী লীগ জনগণের জন্য কাজ করে না উল্লেখ করে মঈন খান বলেন , 'তারা একটি দলের সরকার এবং লগি - বৈঠার রাজনীতি করে। তারা দেশের সব প্রতিষ্ঠানগুলোকে কুক্ষিগত করে রেখেছে। সংবিধানের কথা বলে প্রতারণা করে যাচ্ছে। উন্নয়ন দিয়ে জনগণের মন ভুলিয়ে রাখা যায় না।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টের অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো। শেখ হাসিনাকে লেখা এক অভিনন্দন বার্তায় জোকো উইদোদো লিখেছেন, 'প্রধানমন্ত্রীর সম্মানিত পদে অধিষ্ঠিত হওয়ায় অপরিসীম আনন্দের সঙ্গে আমি আপনার প্রতি গভীর শ্রদ্ধা ও আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।' শেখ হাসিনার উদ্দেশ্যে তিনি আরো লিখেছেন , 'এ সম্মানিত পদে আপনার নিয়োগ আপনার প্রতি বাংলাদেশের জনগণের গভীর শ্রদ্ধা ও অটুট আস্থার পরিচয়। আপনার বর্ণাঢ্য কর্মজীবন ও বিশাল অভিজ্ঞতার প্রতি আমার পূর্ণ আস্থা রয়েছে যা নিঃসন্দেহে বাংলাদেশ কে সমৃদ্ধির দিকে নিয়ে যেতে যথেষ্ট সহায়ক হবে। অগ্রগতি ও সমৃদ্ধির নতুন যুগে প্রবেশের এ মুহূর্তে অত্যন্ত আশাবাদের সঙ্গে আমি আমাদের দুই মর্যাদাবান দেশের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক ও সহযোগিতা উন্নয়নের আশা প্রকাশ করছি।' তিনি বলেন, 'পাঁচ দশকেরও বেশি সময় ধরে আমাদের বন্ধন ক্রমাগতভাবে বিকাশ লাভ করেছে এবং এখন এটি অভূতপূর্ব উচ্চতায় পৌঁছানোর সময়। আমি অত্যন্ত আস্থাবান যে, আমরা এমন উপায় খুঁজে বের করতে সক্ষম হব। যার মাধ্যমে আমাদের যুগের অভূতপূর্ব সুযোগ -সুবিধা কাজে লাগাতে সহযোগিতামূলক প্রচেষ্টা জোরদারে সক্ষম হব।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## কারসাজি করে দাম বৃদ্ধিকারীদের খুঁজে বের করা হবেঃ প্রধানমন্ত্রী

কারসাজি করে পণ্যের দাম বৃদ্ধিকারীদের খুঁজে বের করা হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ সোমবার রাতে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লী গের জরুরি সভার স্বাগত বক্তব্যে এ মন্তব্য করেন তিনি। শেখ হাসিনা বলেন, 'অস্বাভাবিকভাবে ও দুরভিসন্ধি মজুতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। মোবাইল কোর্ট অভিযান চালিয়ে শাস্তির ব্যবস্থা করা হবে। প্রয়োজনে জেলে দেওয়া হবে। দেশে আর কখনো অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি হবে না। বাজার নিয়ে কেউ যেন কোনো খেলা খেলতে না পারে দেশবাসীকে সজাগ থাকতে হবে। ' তিনি আরো বলেন, 'দল ক্ষমতায় থাকলেও নিরপেক্ষ নির্বাচন হতে পারে, সেটা এবার প্রমাণিত হয়েছে। আন্দোলনে ব্যর্থ হয়ে অন্য পথে হাঁটছে বিরোধী দলগুলো। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## নির্বাচনের পরে কূটনৈতিক সংকটের সম্ভাবনা নেইঃ আইনমন্ত্রী

নির্বাচনের পরে কোনো কূটনৈতিক সংকট বা সমস্যার সম্ভাবনা নেই বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। আজ সোমবার সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মার সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের প্র শ্নের জবাবে এ কথা বলেন আইনমন্ত্রী। কূটনৈতিক সংকট যেটা ছিল সেটা কেটে গেছে না কি কিছু কিছু দেশের সঙ্গে এখনো আছে- এ বিষয়ে আইনমন্ত্রী বলেন, 'সংকট আমি বলব না। আপনাদের মনে একটা দুশ্চিন্তা ছিল , সেটাই আমি বলব। একটা কূটনৈতিক সংকট হতে পারে। কিন্তু নির্বাচনের পরে আ পনারাও দেখেছেন সে রকম কোনো সম্ভাবনাই নেই। ' হাইকমিশনারের সঙ্গে বৈঠকের বিষয়ে তিনি বলেন , 'প্রতিবেশী দেশ হিসেবে আমাদের যেসব ডেভেলপমেন্ট পার্টনারশিপ রয়েছে, সেসব ডেভেলপমেন্ট পার্টনারশিপের মধ্যে আইনের প্রয়োগ , আইনের ধারাগুলোর স্পষ্টকরণ এগুলো সব সময় প্রয়োজন হয়। যে সব পরিবর্তন ভারতে হয়েছে , সেসব পরিবর্তন বাংলাদেশেও সম্ভব কি না , আমাদের দেশে আইনের যে পরিবর্তন করেছি সেগুলো ভারতে সম্ভাবনা আছে কি না , সেটা আমরা সবসময় আলাপ করি। আজও আলাপ করেছি।' আনিসুল হক আরো বলেন, 'বিশেষ করে যেটা আলাপ করেছি, ওনাদের ভূপালে একটা ন্যাশনাল জুডিসি য়াল একাডেমি আছে। সেখানে আমাদের এক হাজার ২০৬ জন ট্রেনিং নিয়েছেন। প্রায় ২ হাজার ট্রেনিং নেবেন। আমরা একটি ন্যাশনাল জুডিসিয়াল একাডেমি করতে চাচ্ছি। সেখানে ওনাদের অভিজ্ঞতা আমাদের প্রয়োজন হবে। সেগুলো নিয়েই আমরা আলাপ -আলোচনা করেছি। ' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## বঙ্গবন্ধুর গণমুখী সমবায় আন্দোলন ছড়িয়ে দিতে হবেঃ স্থানীয় সরকারমন্ত্রী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গণমুখী সমবায় আন্দোলনকে দেশব্যাপী ছড়িয়ে দিতে হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। তিনি বলে ছেন, 'বঙ্গবন্ধু সমবায়ের মাধ্যমে মানুষের অর্থনৈতিক উন্নয়ন করতে চেয়েছিলেন। সেজন্য গণমুখী সমবায় আন্দোলনকে তিনি গুরুত্ব দিয়েছিলেন যেন মানুষ উন্নত জীবন পায়। বঙ্গবন্ধু সমবায়ের মাধ্যমে সমাজকে যে পরিমাণ পরিবর্তন করতে চেয়েছিলেন তা তার সাড়ে তিন বছরের সময়কা লে করা সম্ভব হয়ে ওঠেনি।' তিনি বলেন, 'সমবায়ের সম্ভাবনার সুযোগ বঙ্গবন্ধুর হাত ধরেই তৈরি হয়েছিল। সমবায়ের শক্তিকে কাজে লাগাতে পারলে দারিদ্র্যপীড়িত মানুষের অফুরন্ত সম্ভাবনার সুযোগ সৃষ্টি হয়। ' আজ সোমবার ঢাকায় সমবায় অধিদফতরে বিভিন্ন স্তরের কর্মকর্তাদের সঙ্গে এক মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমবায় প্রতিষ্ঠানগুলোকে আরো কার্যকর করতে হলে সমবায় আইন ও বিধিকে

যুগোপযোগী করার ওপর গুরুত্বারোপ করে স্থানীয় সরকার মন্ত্রী বলেন , 'সমবায় যেহেতু আর্থিক প্রতিষ্ঠান তাই এতে যে কোনো অব্যবস্থাপনা প্রতিষ্ঠানকে ধ্বংসের মুখে ঠেলে দেবে। তাই সমবায়কে শক্তিশালী করতে হলে যুগোপযোগী আইন তৈরি করে তা কার্যকর করতে হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## ঐক্য, সংহতি ও সহযোগিতার ডাক পররাষ্ট্রমন্ত্রীর

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ টেকসই উন্নয়নের চূড়ান্ত লক্ষ্য অর্জনে দক্ষিণ বিশ্বের দেশগুলোর প্রতি ঐক্যবদ্ধ সংহতি ও সহযোগিতার আহ্বান জানিয়েছেন। পূর্ব আফ্রিকার দেশ উগান্ডার রাজধানী কাম্পালার স্থানীয় সময় রোববার সন্ধ্যায় ৭৭ জাতি গ্রুপ ও চীনের তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনের সাধারণ বিতর্ক সভায় তিনি এ আহ্বান জানান। দক্ষিণ বিশ্বের দেশগুলো শক্তিশালী দক্ষিণ সহযোগিতার মাধ্যমে জলবায়ু পরিবর্তন, যুদ্ধ, নিষেধাজ্ঞা-পাল্টা নিষেধাজ্ঞা, ঋণ সংকট এবং ক্রমবর্ধমান সুরক্ষাবাদের কারণে সৃষ্ট বৈশ্বিক সংকটের চ্যালেঞ্জ মোকাবিলায় আরো সক্ষম হবে বলেন পররাষ্ট্রমন্ত্রী। ড . হাছান ১৯৭৪ সালে জা তিসংঘের সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণকে স্মরণ করে বলেন , 'বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে বঙ্গবন্ধুর সমতা ও মানবিক মূল্যবোধের বাণী এখনো প্রাসঙ্গিক। ' পররাষ্ট্রমন্ত্রী একটি ন্যায়সংগত বিশ্ব গড়তে পাঁচটি গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর জোর দেন। যার মধ্যে রয়েছে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন বাস্তবায়নের জন্য আরো কার্যকর পদক্ষেপ, বর্তমান আন্তর্জাতিক আর্থিক কাঠামো সংস্কার, প্রযুক্তিগত বিভাজন মোকাবিলা, নারী-পুরুষ বৈষম্য দূর করা এবং দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে যুব জনগোষ্ঠীর ক্ষমতায়ন। ড. হাছান মাহমুদ বলেন , 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাস্তববাদী উন্নয়ন নীতির ফলে গত দেড় দশকে বাংলাদেশে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি হয়েছে।' তার ভাষণে ফিলিস্তিনি জনগণের স্বাধীনতা ও ন্যায়বিচারের অধিকার অর্জনের সংগ্রামের সমর্থনে বাংলাদেশের প্রতিশ্রুতি পু নর্ব্যক্ত করেন মন্ত্রী। এর আগে এ দিন পররাষ্ট্রমন্ত্রী সম্মেলনের উদ্‌বোধনী অনুষ্ঠানে যোগ দেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## পরিবেশবান্ধব গণপরিবহন ব্যবহার বাড়াতে হবে: পরিবেশমন্ত্রী

পরিবেশবান্ধব গণপরিবহন ব্যবহারের জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানিয়ে ছেন পরিবেশ , বন ও জলবায়ু পরিবেশমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। আজ সোমবার বেলা সাড়ে ১১টায় সচিবালয় মেট্রো স্টেশন থেকে মেট্রোতে চড়ে আগারগাঁও স্টেশনে যাওয়ার সময় তিনি এ আহ্বান জানান। মেট্রোরেলে ভ্রমণকালে পরিবেশমন্ত্রী যাত্রীদের বলেন , 'পরিবেশ সংরক্ষণে জনসাধারণের অংশগ্রহণ অপরিহার্য। পরিবহন মালিকরা পরিবেশবান্ধব পরিবহন পরিচালনা করলে এবং জনসাধারণ পরিবেশবান্ধব যানবাহন ব্যবহার করলে বায়ু দূষণ পরিস্থিতির উন্নতি হবে। ' এসময় তিনি আগারগাঁও মেট্রো স্টেশন থেকে নেমে পরিবেশ অধিদফতর পরিদর্শন শেষে অধিদফতরের মহাপরিচালক আবদুল হামিদস হ সদর দফতর ও মাঠ পর্যায়ের সব কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন। এসময় তিনি পরিবেশ সংরক্ষণে কার্যকর পদক্ষেপ গ্রহণের এবং জনগণকে ঝামেলা ছাড়া সেবা দেওয়ার জন্য কর্মকর্তাদের প্রতি নির্দেশ দেন।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## বেবিচকের রাজস্ব আয় বাড়ানোর নির্দেশ বিমানমন্ত্রীর

বিমানবন্দরে যাত্রীসেবার মান আরো বাড়ানোর পাশাপাশি রাজস্ব আয় বাড়াতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে নির্দেশনা দিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান। আজ সোমবার বেবিচক সদর দফতরে অনুষ্ঠিত এক বৈঠকে তি নি এ নির্দেশনা দেন। এসময় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মোকাম্মেল হোসেন উপস্থিত ছিলেন। বিমানমন্ত্রী বলেন, 'বাংলাদেশে এভিয়েশন শিল্পের বাজার ক্রমাগত বাড়ছে। এই বর্ধিত বাজারের সুবিধা নিতে হবে। বেবিচকের রাজস্ব আয় আরো বাড়ানোর চেষ্টা করতে হ বে এবং তা নিশ্চিতে সবাইকে কাজ করতে হবে। ভবিষ্যতে যেন বেবিচক নিজেদের রাজস্ব আয় থেকেই তাদের সব উন্নয়ন কর্মকাণ্ড গ্রহণ ও সম্পন্ন করতে পারে, সেরকম সক্ষমতা অর্জনে মনোযোগ দিতে হবে। ' তিনি বলেন, 'বিমানবন্দর ভিত্তিক সব সেবা ডিজিটালাইজড করতে হবে যেন মানুষ সহজে সেবা পায় এবং যাত্রী দুর্ভোগ কমে আসে। বিমানবন্দরগুলোর নিরাপত্তায় আন্তর্জাতিক মান ধরে রাখতে সব ধরনের ব্যবস্থা নিতে হবে। ' বিমানবন্দরের সব কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ধারাবাহিক ও সময়োচিত মানব সম্পদের উন্নয়নেও জোর দেন তিনি।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

## বাণিজ্য প্রতিমন্ত্রীর সঙ্গে ব্রিটিশ হাইকমিশনারের সাক্ষাৎ অনুষ্ঠিত

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। সাক্ষাৎকালে কুক বলেছেন , 'যুক্তরাজ্য বাংলাদেশের দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু রাষ্ট্র।' আজ সোমবার মন্ত্রণালয়ের অফিস কক্ষে সাক্ষাৎকালে এ কথা বলেন ব্রিটিশ হাইকমিশনার। ২১ জানুয়ারি থেকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলা শুরু হয়েছে জানিয়ে আহসানুল ইসলাম টিটু বলেন , 'এবছর মেলায় বাংলাদেশে অবস্থিত সব মিশনের প্রধান এবং কমার্সিয়াল কাউন্সিলরদের নিয়ে মেলা পরিদর্শনের পরিকল্পনা রয়েছে। দেশে উৎপন্ন পণ্য প্রদর্শনের সবচেয়ে বড় আসর এ মেলা।' বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন , 'বাণিজ্যমেলায় অনেক বিদেশি প্যাভিলিয়নও থাকে। মিশন কর্মকর্তাদের মেলা পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশি পণ্যের ব্র্যান্ডিং করা সম্ভব হবে।' যেসব পণ্য যুক্তরাজ্য থেকে বাংলাদেশ আমদানি করে

সেসব পণ্য কন্ট্রাক্ট ম্যানুফ্যাকচারিংয়ের মাধ্যমে বাংলাদেশে উৎপাদনের আহ্বান জানিয়ে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন , 'বাংলাদেশ বর্তমানে বিনিয়োগের উত্তম জায়গা হিসেবে বিশ্বে পরিচিতি লাভ করেছে। অনেক দেশ সরকার নির্ধারিত ১০০টি অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগ করছে। অর্থনৈতিক অঞ্চল ছাড়াও শিল্প -কলকারখানা প্রতিষ্ঠার ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে সব ধরনের সুযোগ-সুবিধা দেওয়া হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

**একনেক ও চার মন্ত্রিসভা কমিটি গঠন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি , একনেক ও চা রটি মন্ত্রিসভা কমিটি নতুন করে গঠন করা হয়েছে। রোববার, ২১ জানুয়ারি এসব কমিটি গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আদেশ জারি করা হয়েছে। আদেশে একনেক, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি , জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি , সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। নতুন মন্ত্রিসভা গঠিত হওয়ায় এ কমিটিগুলো নতুন করে গঠন করা হলো। একনেকের চেয়ারপার্সন হিসেবে রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই নির্বাহী পরিষদে বিকল্প চেয়ারপার্সনের দায়িত্ব পেয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। গত সরকারের মতো নতুন সরকারেও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হককে আইন -শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির আহ্বায়ক করা হয়েছে। এছাড়া সরকারি ক্রয় -সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির আহ্বায়ক করা হয়েছে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীকে। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

**মাশরাফি বিন মর্তুজাসহ পাঁচজন হুইপ হিসেবে দায়িত্ব পেয়েছেন**

দ্বাদশ জাতীয় সংসদে হুইপ নির্ধারণ করা হয়েছে। নড়াইল -২ আসন থেকে নির্বাচিত মাশরাফি বিন মর্তুজাসহ পাঁচজন হুইপ হিসেবে দায়িত্ব পেয়েছেন। অন্যরা হলেন , জয়পুরহাট-২ আসন থেকে নির্বাচিত আবু সাঈদ আল মাহমুদ স্বপন , দিনাজপুর-৩ আসন থেকে নির্বাচিত ইকবালুর রহিম, কক্সবাজার সদর আসন থেকে নির্বাচিত সাইমুম সরওয়ার কমল ও নারায়ণগঞ্জ-২ আসন থেকে নির্বাচিত নজরুল ইসলাম বাবু। এর আগে মাদারীপুর -১ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য নূর-ই-আলম চৌধুরীকে জাতীয় সংসদের চিফ হুইপের দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি একাদশ জাতীয় সংসদেও চিফ হুইপ হিসেবে দায়িত্ব পালন করেছেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

**প্রধান বিচারপতির বাসভবনে হামলাসহ ৬ মামলায় গয়েশ্বরের জামিন**

গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশকে কেন্দ্র করে প্রধান বিচারপতির বাসভবনে হামলাসহ পৃথক ছয় মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়ের আগাম জামিন মঞ্জুর করে আদেশ দিয়েছেন হাইকোর্ট। আগামী ২৫ মার্চ পর্যন্ত জামিন দিয়ে এরপর সংশ্লিষ্ট সেশন কোর্টে আত্মসমর্পণের নির্দেশ দিয়েছেন আদালত। আজ সোমবার হাইকোর্টের বিচারপতি মোঃ হাবিবুল গণি ও বিচারপতি আহমেদ সোহেলের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আজ জামিন আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী। তার সঙ্গে ছিলেন ড. এ জে এম ফরিদুজ্জামান ফরহাদ ও ব্যারিস্টার মিথুন রায় চৌধুরী। আদেশের বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেন অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী। নিতাই রায় চৌধুরী বলেন , 'প্রধান বিচারপতির বাসভবনে হামলাসহ পৃথক ছয় মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়ের আগাম জামিন মঞ্জুর করেছেন আদালত। তাকে আগামী ২৫ মার্চ পর্যন্ত জামিন দেওয়া হয়েছে। এরপর তাকে সংশ্লিষ্ট সেশন কোর্টে আত্মসমর্পণের নির্দেশ দিয়েছেন আদালত।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

**করোনায় আরো একজনের মৃত্যু, নতুন শনাক্ত ৩০**

দেশে ক্রমেই বাড়ছে করো না ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩০ জনের শরীরে ভাইরাসটি শনাক্ত হয়েছে। এসময়ে করোনায় আক্রান্ত হয়ে একজনের মৃত্যুর তথ্য জানা গেছে। এ নিয়ে চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে করোনায় ৪ জনের মৃত্যু হলো। করোনা মহামারির শুরু থেকে এ পর্যন্ত বাংলাদেশে ভাইরাসটিতে মোট মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৮১ জনের আর সংক্রমিত হয়েছেন ২০ লাখ ৪৬ হাজার ৭৮৮ জন। আজ সোমবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৫৮৪টি নমুনা পরীক্ষায় ৩০ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ২৬ জন ঢাকার এবং দুইজন চট্টগ্রামের বাসিন্দা। বাকি দুইজন দেশের বিভিন্ন অঞ্চলের বাসিন্দা। গত ২৪ ঘণ্টায় পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ১৪ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ৮ জন। এ নিয়ে মহামারির শুরু থেকে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ১৭৯ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪১ শতাংশ। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২২.০১.২০২৪ প্রতীক)

# BBC

**INDIA PM OPENS GRAND TEMPLE ON RAZED MOSQUE SITE**

India's PM Narendra Modi has inaugurated a grand temple to Hindu god Ram in the flashpoint city of Ayodhya. He said it heralded a new era for India - the temple replaces a 16th-Century mosque torn down by Hindu mobs in 1992, sparking riots in which nearly 2,000 people died. Top film stars and cricketers were among guests at the event in Ayodhya. But some Hindu seers and most of the opposition boycotted it, saying Mr Modi was using it for political gain. (BBC Web Page: 22/01/24, FARUK)

**EIGHT DEAD AND DOZENS MISSING IN CHINA LANDSLIDE**

At least eight people have died and dozens are still missing after a landslide struck China's southwestern province of Yunnan. The landslide in Zhaotong city happened at 05:51 local time on Monday, trapping 47 people. President Xi Jinping has ordered an all-out rescue in the area which is experiencing sub-zero temperatures. The cause of the landslide remains unclear, but the remote, mountainous region is prone to them. More than 500 people were evacuated from their homes and nearly 1,000 rescue workers were dispatched to the site. (BBC Web Page: 22/01/24, FARUK)

**NAVY SEALS PRESUMED DEAD AFTER ANTI-HOUTHI MISSION**

Two US Navy Seals who went missing during an operation to seize Iranian-made weapons - bound for Houthis in Yemen - are now presumed dead, the US military says. The incident took place on 11 January when commandos were boarding a ship off the coast of Somalia. According to media reports, one was swept away and the second jumped in after them, following protocol. US Central Command said attempts are now being made to recover the bodies. (BBC Web Page: 22/01/24, FARUK)

**JAPAN HOPES SUNLIGHT CAN SAVE STRICKEN MOON LANDER**

Japan may yet manage to salvage its Moon lander, the country's space agency Jaxa says - if sunlight hits it in the right place. The Slim spacecraft was turned off just three hours after its historic lunar touchdown on Saturday to save power. Engineers had realized its solar cells were pointing west, away from the Sun, and could not generate electricity. But the mission team is now hopeful the situation could improve as lighting conditions shift.
(BBC Web Page: 22/01/24, FARUK)

**MORE THAN 90 DEAD AFTER FIERCE US WINTER STORMS**

More than 90 weather-related deaths have been recorded across the US after the country was pummelled by ferocious winter storms for the past week. The deaths include at least 25 in Tennessee and 16 in Oregon, which remains under a state of emergency following severe ice storms. Tens of thousands of people also remain without power across wide swathes of the country. Icy conditions are expected to ease off in the next few days.
(BBC Web Page: 22/01/24, FARUK)

**LIBERIA MOVES FROM YOUNGEST ELECTED LEADER TO OLDEST**

Mocked by his critics as "Sleepy Joe", 79-year-old Joseph Boakai is set to be sworn in as Liberia's oldest-ever president after scraping a win in November's run-off election, with the help of a former rebel commander. It will mark a generational shift, as Mr Boakai will take the reins of power from the nation's youngest-ever elected leader, George Weah. The former international football star rose to the presidency at the age of 51 after defeating Mr Boakai in elections six years ago, but lost to him this time around by just over 20,000 votes.
(BBC Web Page: 22/01/24, FARUK)

**RON DESANTIS QUITS PRESIDENTIAL RACE AND BACKS TRUMP**

Florida Governor Ron DeSantis has dropped out of the 2024 presidential race and endorsed Donald Trump. He quit ahead of the Republican primary election in New Hampshire, where he was polling in the single digits. Mr DeSantis was once considered a strong contender for the party's nomination - but on Sunday he said he did not "have a clear path to victory". Nikki Haley, Mr Trump's last remaining challenger, said she was the only one able to beat US President Joe Biden. Ms Haley will go head-to-head with Mr Trump in New Hampshire on Tuesday, the second in a series of state-by-state contests to pick a Republican nominee for the November general election. (BBC Web Page: 22/01/24, FARUK)

**WORLD-FIRST MALARIA MASS VACCINE BEGINS IN CAMEROON**

The world's first routine vaccine programme against malaria has started in Cameroon, in a move projected to save thousands of children's lives across Africa. The symbolic first jab was given to a baby girl named Daniella at a health facility near Yaounde on Monday. Every year 6,00,000 people die of malaria in Africa, according to the World Health Organization (WHO). Children under five make up at least 80% of those deaths. Cameroon is offering the RTS,S vaccine free of charge to all infants up to the age of six months old. Patients require a total of four doses. (BBC Web Page: 22/01/24, FARUK)

**AUSTRALIA AXES 'GOLDEN VISA' SCHEME FOR MEGA RICH**

Australia has axed its so-called "golden visa", which granted wealthy overseas investors the right to live in the country. Designed to attract foreign business, it was cut in an immigration overhaul after the government found it was delivering poor economic outcomes. Critics have long argued that the scheme was being used by corrupt officials to park illicit funds. It will be replaced with more skilled-worker visas. Thousands of significant investor visas (SIV) have been granted through the program since 2012, with 85% of successful applicants coming from China according to government data. (BBC Web Page: 22/01/24, FARUK)

**EGYPT WON'T ALLOW THREATS TO SOMALIA: SISI**

Egyptian President Abdul Fattah al-Sisi has said a deal granting Ethiopia maritime access through the self-declared republic of Somaliland is acceptable to no-one. Speaking in Cairo next to Somalia's President Hassan Sheikh Mohamud, Mr Sisi said Egypt would not allow Somalia's security to be jeopardized. But on Sunday, Ethiopia's national security affairs adviser Redwan Hussein said the contentious deal with Somaliland was meant for co-operation and partnership, and is not annexation or assumption of sovereignty over the territory of any state. (BBC Web Page: 22/01/24, FARUK)

**FAMILIES OF ISRAELI HOSTAGES STORM KNESSET PARLIAMENT MEETING**

A group of families of Israeli hostages still being held in Gaza have stormed a meeting at the Knesset, Israel's parliament. They broke through security and interrupted a finance meeting - protesting that it was deliberating while there loved ones remain in captivity. Israel says more than 130 people remain unaccounted for after they were abducted during the 7 October attacks by Hamas. More than 100 captives were released during a six-day ceasefire at the end of November. (BBC Web Page: 22/01/24, FARUK)

## :: The End ::